# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 05, 1431 Bangla, April 18, 2024, Thursday, No. 109, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina directs cabinet members to keep a close watch on how the Iran-Israel situation unfolds & prepare to tackle any adverse impacts on Bangladesh. (Jago FM: 17)

AL GS says, BNP is main impediment on the way to consolidating victory. All anti-liberation evil forces who are working against the country's victory and successes will have to be defeated. (R. Today: 15)

State Minister for Information & Broadcasting says, holding Pahela Baishakh programs defying govt. directives by Udichi Shilpigoshthi was "unexpected" & "unfortunate" - govt. gets hurt & shocked. (BBC: 06)

BNP SJSG comments AL GS's heart is weak, so he talks too much about irrelevant issues - claims govt. formed without any vote, made many people victims of enforced disappearance & killed. (R. Today: 16)

46 more members of Myanmar Border Guard Police, BGP have taken shelter in BD amid the ongoing conflict between the Myanmar junta and the Arakan Army in Rakhine state. (R. Today: 16)

At least 14 people were killed & 25 others injured after a truck ploughed through several vehicles at Gabkhan Bridge area of Jhalakathi's Sadar upazila. (VOA: 07)

Flash floods triggered by unprecedented rainfall in the United Arab Emirates have forced airlines to cancel nine flights between Dubai/ Sharjah and Dhaka. (R. Today: 17)

In response to recent bank robbery, abduction & criminal activities in Bandarban, ongoing joint operation led by BD Army arrested 9 more members of KNF from a remote hilly area of Ruma. (R. Today: 16)

Haab president says, Hajj management in BD is facing challenges. Haab had earlier warned Religious Affairs Ministry about it. Adds, for sake of welfare of Hajj pilgrims, all have to work together.(VOA: 12)

CID informs, 2 brothers of Ex-AL MP Abdur Rahman Bodi are 'godfathers' in drug trade in Cox's Bazar. Investigation reveals they acquired huge wealth including land, houses & cars by trafficking drugs. (R. Today: 17)

All women who fought openly on streets in capital's Gulshan, all were drunk. Drunkenness caused by excessive drinking. None of them had a liquor license. 'Cafe Celebrita' sells alcohol illegally to them. (Jago FM: 19)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৫, বাংলা ১৪৩১, এপ্রিল ১৮, ২০২৪, বৃহস্পতিবার, নং-১০৯, ৫৪তম বছর**

# শিরোনাম

ইরান-ইসরায়েল যুদ্ধ পরিস্থিতির ঘটনা প্রবাহের দিকে সংশ্লিষ্টদের নজর রাখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একইসঙ্গে যুদ্ধের সম্ভাব্য প্রভাব মোকাবিলায় প্রস্তুতি নেওয়ারও নির্দেশ দিয়েছেন তিনি। (জাগো এফএম: ১৭)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, বিজয়কে সুসংহত করার পথে প্রতিবন্ধকতা হলো বিএনপির মত সাম্প্রদায়িক অশুভ শক্তি। এ শক্তিকে প্রতিহত করতে হবে। (রে. টুডে: ১৫)

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী বলেন, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে উদীচী শিল্পীগোষ্ঠীর অনুষ্ঠান করা ছিল হঠকারী ও দুঃখজনক। তাদের এই আচরণে সরকার খুবই ব্যথিত ও মর্মাহত। (বিবিসি: ০৬)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের হৃদয় দুর্বল বলে তিনি বেশি অবান্তর কথা বলেন। এমন মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব। তিনি বলেন, শেখ হাসিনার বিনা ভোটের সরকার অসংখ্য মানুষকে গুম, খুন, অপহরণ করেছে। (রে. টুডে: ১৬)

মিয়ানমারের রাখাইন রাজ্যে জান্তা সরকার ও আরাকান আর্মির মধ্যে চলমান সংঘর্ষের মধ্যে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের আরও ৪৬ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। (রে. টুডে: ১৬)

ঝালকাঠি সদর উপজেলার গাবখান ব্রিজের কাছে একটি ট্রাক তিনটি ইজিবাইক ও একটি প্রাইভেট কারকে চাপা দিলে শিশু সহ অন্তত ১৪ জনের মৃত্যু হয়েছে। এই ঘটনায় আহত হয়েছেন অন্তত আরও ২৫ জন। (ভোয়া: ০৭)

নজিরবিহীন বৃষ্টি আর আকস্মিক বন্যায় সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন এলাকা তলিয়ে যাওয়ায় ঢাকা ও দুবাই /শারজাহর মধ্যে নয়টি ফ্লাইট বাতিল করা হয়েছে। (রে. টুডে: ১৭)

বান্দরবানে সাম্প্রতিক ব্যাংক ডাকাতি, অপহরণ ও অপরাধমূলক কর্মকাণ্ডের পর বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযান চালিয়ে রুমা উপজেলার দুর্গম এলাকা থেকে কুকিচিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ এর আরো ৯ সদস্যকে গ্রেফতার করেছে। (রে. টুডে: ১৬)

হাব সভাপতি বলেছেন, বাংলাদেশের হজ ব্যবস্থাপনা চ্যালেঞ্জের মুখে। ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে হাব এ বিষয়ে পূর্বেই সতর্ক করেছিল। হজযাত্রীদের কল্যাণে সুশৃংখল হজ ব্যবস্থাপনার স্বার্থে সবাইকে ঐক্যবদ্ধভাবে এ চ্যালেঞ্জ মোকাবিলায় কাজ করতে হবে। (ভোয়া: ১২)

কক্সবাজারে মাদক কারবারের দুই গডফাদারের খোঁজ পাওয়ার কথা জানিয়েছে সিআইডি। যারা আওয়ামী লীগের সাবেক এমপি আব্দুর রহমান বদির আপন ভাই। মাদকের ব্যবসা করে তাদের জমিজমা, বাড়ি গাড়িসহ বিপুল সম্পদ গড়ে তোলার তথ্য এসেছে সিআইডির অনুসন্ধানে। (রে. টুডে: ১৭)

রাজধানীর অভিজাত এলাকা গুলশানে প্রকাশ্যে রাস্তায় যে নারীরা মারামারি করেছিলেন তারা সবাই মদপান করেছিলেন। তাদের কারও মদপানের লাইসেন্স ছিল না। একই সঙ্গে `সেলিব্রিটা বার, ঐ নারীদের কাছে অবৈধভাবে মদ বিক্রি করে। (জাগো এফএম: ১৯)

# বিবিসি

## রাখাইনের যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে কী তথ্য পাওয়া যাচ্ছে?

মিয়ানমারের রাখাইন রাজ্যে জান্তা বাহিনী ও বিদ্রোহী আরাকান আর্মির মধ্যে সংঘাতের জের ধরে গত তিন দিনে নতুন করে দেশটির নিরাপত্তা বাহিনীর ৮০জন সদস্য বাংলাদেশে প্রবেশ করেছে। বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি এ তথ্য জানিয়েছে। এর মধ্যে সর্বশেষ মঙ্গলবার রাতে মিয়ানমারের সীমান্ত পুলিশ বিজিপি ও সেনা সদস্য মিলে মোট ৪৬ জন পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। বিজিবি জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, গত তিনদিনে মিয়ানমার জান্তা বাহিনীর প্রায় ৮০ জন সদস্য বাংলাদেশে প্রবেশ করেছেন। ”সর্বশেষ গতকাল রাতে ৪৬ জন পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। এর আগে দিনের বেলায় আসেন আরো ১৮ জন,” বলেন মি. ইসলাম। মিয়ানমারের রাখাইনে জান্তা বাহিনী এবং বিদ্রোহী আরাকান আর্মির মধ্যে সংঘাত চলছে গত কয়েক মাস ধরেই। এর আগে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে তিনশতাধিক বিজিপি সদস্য আশ্রয় নিয়েছিলেন বাংলাদেশে। একাধিক সীমান্ত চৌকি আরাকান আর্মির দখলে যাওয়ায় সেসময় তাদের পালাতে হয়েছিল। পরে তাদের একটি বড় অংশকে ফেরত পাঠানো হলেও দেড়শো,র মতো মিয়ানমারের নাগরিক বাংলাদেশ সীমান্ত রক্ষীবাহিনীর আশ্রয়ে ছিলেন। গত কয়েকদিনে নতুন অনুপ্রবেশের ফলে সে সংখ্যা এখন দাঁড়িয়েছে ২৬০ জনে। এখন আবার কেন জান্তা বাহিনীর এত সদস্য পালিয়ে আসছেন বাংলাদেশে? এ থেকে রাখাইনের যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে কী ধারণা পাওয়া যায়? বিজিবির মি.ইসলাম বলেছেন, মিয়ানমার থেকে পালিয়ে আসা নিরাপত্তা বাহিনীর সদস্যরা সবাই বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর হেফাজতে রয়েছেন। তাদের দেখভালের দায়িত্ব পালন করছে বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে অবস্থিত বিজিবি ১১ ব্যাটালিয়ন। গত দোসরা ফেব্রুয়ারি থেকে নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের ওপারে আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বা বিজিপি,র সংঘর্ষ শুরু হয়। সেসময় জান্তা বাহিনীর দখলে থাকা সীমান্ত চৌকিগুলোর নিয়ন্ত্রণ নেয় বিদ্রোহীরা। সীমান্ত চৌকিগুলোতে আরাকান আর্মির অভিযানের তীব্রতায় টিকতে না পেরে বাংলাদেশ পালিয়ে আসেন মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বা বিজিপি-র সদস্যরা। এরপর মংডু ও বুথিডং টাউনশিপের দিকে অগ্রসর হয় আরাকান আর্মি। ঘুমধুম ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ তখন বিবিসি বাংলাকে জানিয়েছিলেন, কয়েকদিন তারা দূরে সংঘর্ষের আওয়াজ পাচ্ছেন। বাংলাদেশ সীমান্ত থেকে খানিকটা দূরে অবস্থিত ওই শহরতলি। মঙ্গলবারও ওই একই এলাকার দিক থেকে গোলাগুলির শব্দ শোনা গেছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন নাইক্ষ্যংছড়ি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোহাম্মদ নুরুল আবছার। সংঘাতে মিয়ানমারের রাখাইনসহ অনেক এলাকায় জান্তা বাহিনীকে হটিয়ে বিদ্রোহী আরাকান আর্মি নিয়ন্ত্রণ নিয়েছিল। কিন্তু সম্প্রতি ওই এলাকায় নতুন করে সংঘাত ও সংঘর্ষ বেড়েছে বলে মনে করেন বিশ্লেষকেরা।

বাংলাদেশ সেনাবাহিনীর একজন অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল ও গবেষক মো. বায়েজিদ সরোয়ার বিবিসি বাংলাকে বলেন, ”নতুন অনুপ্রবেশের কারণ, নববর্ষের পর আরাকান আর্মি তাদের আক্রমণ বাড়িয়েছে।„ মি. সরোয়ার মনে করেন, মংডু,র উত্তর ও আশেপাশে দু,পক্ষের ব্যাপক সংঘাতের কারণেই নতুন করে বিজিপি সদস্যরা বাংলাদেশে প্রবেশ করেছেন। মিয়ানমারে নববর্ষকে স্থানীয়ভাবে থিংইয়ান নামে ডাকা হয়। সেখানে নতুন বছরের প্রথম দিনটি সাধারণত মধ্য-এপ্রিলে হয়ে থাকে। নববর্ষের চারদিন আগে থেকে পানি উৎসব শুরু হয়, চলে নববর্ষের দিন পর্যন্ত। এ সময় সংঘাত পরিস্থিতি কিছুটা শিথিল হয়ে থাকতে পারে বলে মত, মি. সরোয়ারের। বাংলাদেশের আরেকজন সাবেক সেনা কর্মকর্তা অবসরপ্রাপ্ত মেজর এমদাদুল ইসলাম বলছেন, আরাকান আর্মির(এএ) কাছে যে ধরনের অস্ত্র আছে বর্ডার পোস্টগুলোতে সে মানের অস্ত্র নেই। ”আরাকান আর্মি দুর্বল জায়গাগুলোতেই আক্রমণ করে যাচ্ছে। এর বিপরীতে বিজিপি সদস্যরা যখন টিকতে পারে না তখন পালিয়ে আসে,„ যোগ করেন তিনি। জান্তা সরকারের কাছ থেকে মংডু ও বুথিডং শহরে আধিপত্য কেড়ে নিতে গত দুই মাস ধরে লড়াই চালাচ্ছে আরাকান আর্মি। এদিকে, বর্ষা মৌসুম আসছে। এ সময় পাহাড়ি অঞ্চলে যুদ্ধ পরিচালনা করা কঠিন হয়ে পড়ে। বায়েজিদ সরোয়ার মনে করেন, ”তাই, বর্ষার আগেই এই অঞ্চলে বড় ধরনের অভিযান চালিয়ে লক্ষ্য অর্জনের চেষ্টা করবে আরাকান আর্মি।”

জান্তা বাহিনীর সাথে আরাকান আর্মির যুদ্ধক্ষেত্র মূলত রাখাইন রাজ্যের বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা। চিন ও রাখাইনের যে নয়টি শহর তারা দখলে নিয়েছে সেগুলোও সীমান্তের কাছাকাছি। দূরত্বের হিসাব-নিকাশসহ বেশ কয়েকটি কারণে বিজিপি সদস্যরা বাংলাদেশে আসাটা অপেক্ষাকৃত নিরাপদ মনে করে বলে ধারণা মেজর (অব.) এমদাদুল ইসলামের। ”হয়তো সিতওয়ে বা মিয়ানমারের অন্য শহরে ফেরত যাওয়ার রাস্তা তাদের নাই, গেলেও কোর্টমার্শালের (সামরিক আদালতে বিচার) ঝুঁকি থেকে যায়। আবার, তাদের মধ্যে আরাকান আর্মির হাতে পড়ার ভয়ও কাজ করতে পারে,„ যোগ করেন তিনি। সে কারণে বাংলাদেশে পালিয়ে চলে আসতে পারলে সে শঙ্কাগুলো থেকে রেহাই মেলে। মি. ইসলাম বলেন, ”পরে ডিপোর্টেশন (ফেরত পাঠানো) হলেও আপাতত তো ওই যুদ্ধক্ষেত্র থেকে বেঁচে গেলো, এটা আরেকটা কারণ।„ মিয়ানমার তো বটেই, বাণিজ্যিক কারণে বাংলাদেশের কাছেও গুরুত্ব আছে মংডুর। এই পথে বাংলাদেশের সাথে মিয়ানমারের সীমান্ত বাণিজ্য হয়ে থাকে। বাংলাদেশ থেকে রাখাইনের

প্রবেশদ্বারও বলা যায় শহরটিকে। আগে বিশেষ ট্রানজিট পাসের মাধ্যমে টেকনাফ ও মংডুর লোকজনকে সীমান্ত পেরিয়ে দুইদেশে যাতায়াতের সুযোগ দেয়া হতো। ২০১৬ সালে মংডুর সীমান্ত চৌকিতে হামলার পর সে ট্রানজিট পাস বন্ধ করে দেয়া হয়।

উত্তর আরাকানের গুরুত্বপূর্ণ শহরটি জেলার প্রধান প্রশাসনিক কেন্দ্রও বটে। ”আরাকান আর্মি শহরটি দখল করতে পারলে বাংলাদেশের সঙ্গে ভূমি সীমান্ত এবং নাফ নদীতে জান্তা সরকারের আর কোনো অবস্থান থাকবে না,„ বলছিলেন মি. সরোয়ার। বাংলাদেশ এবং মিয়ানমারের মধ্যকার সীমান্তের দৈর্ঘ্য ২৭১ কিলোমিটার। মি. সরোয়ার বলেন, ”মংডু দখল করে ফেললে এই ভূ-সীমান্তের পুরোটাতেই আরাকান আর্মির নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হবে।„ রাখাইনের মংডু, রাথিডং, বুথিডং এলাকাগুলো রোহিঙ্গা অধ্যুষিত। ”মংডু যদি কোনোভাবে আরাকান আর্মির দখলে যায় সেটা দেশটির জান্তার জন্য একটা বড় আঘাত হবে,„ বলেন মেজর (অব.) এমদাদুল ইসলাম। তবে তাতে বাংলাদেশের জন্য নতুন ঝুঁকি তৈরি হতে পারে বলে মনে করেন বিশ্লেষকেরা। যেমন যেহেতু বুথিডং ও মংডুতে জান্তা বাহিনীর ঘাঁটি রয়েছে। ফলে ওই অঞ্চলের পতন হলে শত শত জান্তা সেনা ও বিজিপি সদস্য আবারো বাংলাদেশে আশ্রয় নিতে পারে, এমন পরিস্থিতি তৈরি হতে পারে। সম্প্রতি বিবিসি,র এক প্রতিবেদন থেকে জানা যায়, বর্তমানে রোহিঙ্গাদের মধ্য থেকেই জনবল সংগ্রহ করছে সেনাবাহিনী এবং রোহিঙ্গাদের জোরপূর্বক বাহিনীতে নিয়োগ দেয়া হচ্ছে। এ নিয়ে আরাকান আর্মি বিরূপ প্রতিক্রিয়া দেখিয়েছে। আবার সামরিক সরকারপন্থী মিডিয়া প্রচার করেছে, বুথিডং ক্যাম্পের রোহিঙ্গারা আরাকান আর্মির বিরুদ্ধে বিক্ষোভ করছে। যদিও স্থানীয়রা বিবিসিকে জানিয়েছেন যে তারা সন্দেহ করছেন, এ দুটি জাতিগোষ্ঠীকে বিভক্ত করার চেষ্টায় সেনাবাহিনী পরিকল্পিতভাবে এমনটা করছে। এ নিয়োগের ফলে এই মূহূর্তে বড় কোনো সংকট দেখা না দিলেও, ভবিষ্যতে তা বড় ধরনের সমস্যা তৈরি করতে পারে বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষকেরা। এর ফলে রাখাইন ও রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে পরস্পর বিরোধী অবস্থান তৈরি হতে পারে বলে মনে করছেন নিরাপত্তা বিশ্লেষক এমদাদুল ইসলাম। তিনি বলেন, ”মেরে-কেটে তাড়ানো বা পালিয়ে আসার পরও সেখানে রোহিঙ্গা জনগোষ্ঠীর আধিক্য রয়েছে। এখন বৌদ্ধ ধর্মাবলম্বী রাখাইন ও মুসলিম রোহিঙ্গাদের মধ্যে সংঘাতময় পরিস্থিতি জান্তাকে সুবিধা দেবে -এটাই তাদের কৌশল," বলেন তিনি। ব্রিগেডিয়ার জেনারেল (অব.) বায়েজিদ সরোয়ারও মনে করেন, মিয়ানমার সেনাবাহিনীতে নিয়োগ রাখাইন-রোহিঙ্গাদের সম্পর্কে অবিশ্বাসের জন্ম দিতে পারে। এর আগে ২০১২ সালে রাখাইন রাজ্যের মিশ্র বসবাসের এলাকা থেকে কয়েক হাজার রোহিঙ্গাকে বিতাড়িত করা হয়েছিল এবং তাদেরকে মিয়ানমারে ক্যাম্পে বসবাস করতে বাধ্য করা হয়েছিল। পাঁচ বছর পর ২০১৭ সালের আগস্টে সেনাবাহিনী তাদের বিরুদ্ধে নৃশংস অভিযান শুরু করলে সেসময় সাত লাখ রোহিঙ্গা দেশ ছেড়ে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। (বিবিসি ওয়েব পেজ:১৭.০৪.২০২৪ রিহাব)

## ট্রান্সজেন্ডার বিষয়ক `রূপান্তর, নাটক ঘিরে যে নাটকীয়তা

সম্প্রতি ট্রান্সজেন্ডার বা রূপান্তরিত লিঙ্গের মানুষদের নিয়ে তৈরি `রূপান্তর, নামের একটি নাটক ইউটিউবে প্রকাশিত হওয়ার ২৪ ঘণ্টারও কম সময়ের ব্যবধানে সরিয়ে নিয়েছে প্রযোজনা প্রতিষ্ঠান। সেইসাথে, নাটকের পৃষ্ঠপোষক ওয়ালটন ইতোমধ্যে এক ফেসবুক পোস্টে দুঃখ প্রকাশ বলেছে, নাটকের বিষয়বস্তু সম্পর্কে তাদের জানা ছিল না। যাদের সাথে নাটকের স্পন্সর করার বিষয়ে চুক্তি হয়েছিল, সেই বিজ্ঞাপনী সংস্থা `লোকাল বাস এন্টারটেইনমেন্ট,কে তারা আইনি নোটিশও পাঠিয়েছে। নাটকটি ইউটিউবে প্রকাশ হওয়ার পর থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে দর্শকরা `ওয়ালটন, এর পণ্য বয়কটের ডাক দেয়। অনেকে অভিযোগ করেছেন, এর মাধ্যমে 'ট্রান্সজেন্ডার প্রচারণা' করা হচ্ছে। অপরদিকে, নাটকটি সরিয়ে নেওয়ায় অনেকে আবার সমালোচনা করছেন। তারা বলছেন, ট্রান্সজেন্ডার যেহেতু সমাজের একটি অংশ, সেটা তুলে ধরা হয়েছে। নাটকের পরিচালক বলছেন, পুরো ঘটনায় তিনি মর্মাহত। এই নাটকটি ঘিরে আসলে কী ঘটেছে? রূপান্তর নাটকটি ১৫ই এপ্রিল, সোমবার সন্ধ্যায় ইউটিউবে প্রচার করা হয়েছিল। কিন্তু দর্শকদের সমালোচনার মুখে পরদিন সকালে তা প্রযোজনা প্রতিষ্ঠান একান্ন মিডিয়া,র ইউটিউব চ্যানেল থেকে সরিয়ে নেওয়া হয়। কিন্তু রাফাত মজুমদার রিংকু পরিচালিত `রূপান্তর, নাটকটিকে প্রযোজনা প্রতিষ্ঠান সরিয়ে নিলেও নাটকের কপি এখন বিভিন্ন ইউটিউব চ্যানেলে দেখতে পাওয়া যাচ্ছে। এখন প্রশ্ন হল, এই নাটকে কি এমন আছে যার জন্য সেটি ইউটিউব থেকে সরিয়ে নিতে হল? কেনই-বা এই ইস্যুকে ঘিরে ওয়ালটনকে জনগণের কাছে ক্ষমা চাইতে হল? এই নাটকটি একজন চিত্রশিল্পীকে ঘিরে। গল্পে যার নাম সৌরভ। চৌরভ চরিত্রে অভিনয় করেছেন ছোট পর্দার অভিনেতা ফারহান আহমেদ জোভান। নাটকে দেখানো হয়, ১৯৮৯ সালে নরসিংদীতে একটি ট্রেন দুর্ঘটনায় মোট ১৭০ জন মারা যান। সেসময় সৌরভের বয়স ছিল এক বছর। ভাগ্যক্রমে সেই দুর্ঘটনায় সৌরভ বেঁচে গেলেও তার মা মারা যান। সৌরভকে উদ্ধার করার পর তাকে শিশু সদনে পাঠানো হয়, সেখানেই বড় হন তিনি। পরিবার-পরিজন ছাড়া বেড়ে ওঠা সৌরভ তার শিল্পকর্মের গুণে একসময় একজন খ্যাতিমান চিত্রশিল্পী হয়ে ওঠেন। নাটকে তাকে অনেক মানুষের পোট্রেট আঁকতে দেখা যায়। ঘটনাক্রমে তিনি এই নাটকের আরেক চরিত্র রিমঝিমেরও পোট্রেট আঁকেন। রিমঝিম সেই পোট্রেট দেখে মুগ্ধ হন এবং তার মাঝে শিল্পীর সঙ্গে সরাসরি দেখা করার আগ্রহ জন্ম নেয়। এক পর্যায়ে তিনি শিল্পী সৌরভকে খুঁজে

বের করেন এবং তার সঙ্গে দেখা করেন। সৌরভের মেয়েদের মতো সাজপোশাক দেখে অবাক হয় রিমঝিম। নাটকে দেখা যায়, সৌরভের বেশভূষায় থাকছে শাড়ি বা সালোয়ার কামিজ, কপালে টিপ, গলায় পুঁতির মালা, হাতে চুড়ি, নাকে নথ, কানে দুল, চোখে গাঢ় কাজল, মাথায় পরচুল, হাতে নেইলপলিশ ইত্যাদি। সৌরভের বেশভূষা তার কাছে অস্বাভাবিক লাগলেও তিনি শেষমেষ তার প্রেমে পড়েন। এক পর্যায়ে, রিমঝিমের পক্ষ থেকে পারিবারিকভাবে বিয়ের প্রস্তাব পাঠানো হয় সৌরভের কাছে।

কিন্তু সৌরভ রিমঝিমের মাকে সরাসরি জানিয়ে দেন যে বিয়ে করা তার পক্ষে সম্ভব না। তবে রিমঝিম নাছোড়বান্দা। তিনি তার মাকে জানান যে, বিয়ে করলে তিনি সৌরভকেই করবেন। শেষে একজন চিকিৎসকের মাধ্যমে জানানো হয়, সৌরভ হরমোনজনিত এক সমস্যায় আক্রান্ত। চিকিৎসকের ভাষায়, "সৌরভ ডিজঅর্ডার অব সেক্স ডেভেলপমেন্ট (ডিএসডি)-তে আক্রান্ত। একটি শিশুর জন্মগতভাবে জেনেটিক সেক্স থাকে, আরেকটি থাকে ফেনোটাইপিক সেক্স। এই দুইয়ের মাঝে অসামাঞ্জস্য থাকলে সেক্স প্রকাশিত হয় না।„ নাটকে চিকিৎসকের ব্যখ্যা অনুযায়ী, সৌরভ 'জেনেটিক্যালি' একজন মেয়ে। শুরুতে তার মেয়েলি হরমোন বিকশিত না হলেও, পরবর্তীতে সেটি বিকশিত হতে থাকে। অর্থাৎ, সৌরভ দেখতে পুরুষের মতো হলেও তিনি একজন নারী। `রূপান্তর, নাটকের মূল গল্প এটিই। `রূপান্তর' নাটকটি চলাকালে সেখানে ওয়ালটন স্মার্ট ফ্রিজের বিজ্ঞাপন প্রচারিত হয়েছিল। একান্ন মিডিয়া প্রযোজিত এই নাটকে ওয়ালটন ফ্রিজের বিজ্ঞাপন প্রচার বা ওয়ালটনের ব্র্যান্ডিং কার্যক্রম পরিচালনার দায়িত্ব ছিল বিজ্ঞাপনী সংস্থা `লোকাল বাস এন্টারটেইনমেন্ট,-এর। কিন্তু এখন ওয়ালটন বলছে, এই নাটকের বিষয়বস্তু কোম্পানির আদর্শ ও নীতিমালার সাথে পরিপন্থী হওয়া সত্ত্বেও সেখানে ওয়ালটন ফ্রিজের বিজ্ঞাপন প্রচার করেছে সংস্থাটি। এজন্য তারা গতকাল ওই সংস্থাকে আইনি নোটিশ পাঠিয়েছে। পাশাপাশি, প্রতিষ্ঠানটির সঙ্গে সব ধরনের বিজ্ঞাপনী চুক্তিও বাতিল করেছে। নোটিশে বলা হয়েছে, "ওয়ালটন কর্তৃপক্ষকে নাটকটির বিষয়বস্তু সম্পর্কে পূর্বে অবহিত না করে রূপান্তর নাটক প্রচার করায় আপনার সঙ্গে চুক্তি বাতিল করা হলো এবং সেই সাথে কেন আপনার বিরুদ্ধে ওয়ালটনের আদর্শ ও নীতিমালার পরিপন্থিভাবে নাটক প্রচারের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে জানানোর জন্য বলা হলো।„ এ বিষয়টি সম্বন্ধে জানতে সরাসরি ওয়ালটনের সঙ্গে যোগাযোগ করা হলে প্রতিষ্ঠানটির চিফ মার্কেটিং অফিসার দিদারুল আলম খান বিবিসিকে বলেন, "এজেন্সিকে কাজটা দেওয়া হয়েছিল। কিন্তু এজেন্সি আসলে সিনপসিসটা (সারমর্ম) না বলে এটাকে স্পন্সরশিপে দিয়ে দিয়েছে। আমরা সেটার বিষয়ে অ্যাকশন নিয়েছি। তাদের সঙ্গে চুক্তি বাতিল করেছি ও লিগ্যাল নোটিশ পাঠিয়েছি।„ এই পদক্ষেপ গ্রহণের কারণ জানতে চাইলে তিনি বলেন, "আমরা ট্রান্সজেন্ডার সাপোর্ট করি না।„ এসময় তিনি জানান, নাটকের বিষয়বস্তু যদি হিজড়াদেরকে নিয়ে হতো, তাহলে তারা এরকম পদক্ষেপ গ্রহণ করত না। "আমাদের জানালে আমরা পলিসি অনুযায়ী দেখে সিদ্ধান্ত নিতাম।„

বর্তমানে প্রতিষ্ঠানটিতে পাঁচ থেকে ছয়জন তৃতীয় লিঙ্গের মানুষ চাকরি করছে উল্লেখ করে তিনি বলেন, "সামাজিক দায়বদ্ধতা থেকে থার্ড জেন্ডারকে আমরা চাকরি দিতে চাই, তারা যাতে সুস্থ জীবনযাপন করতে পারে। কিন্তু ট্রান্সজেন্ডারকে আমরা সাপোর্ট করি না আসলে।'' পরিচালক এই গল্পে ট্রান্সজেন্ডার বা রূপান্তরকামী মানুষদের সম্বন্ধে বলতে চাইলেও দর্শকদের অনেকে আপত্তি তুলেছেন। যেমন, শাফি হাসান ফেসবুকে লিখেছেন, 'এই নাটকের মধ্যে দিয়ে, শরিফ থেকে শরিফা হওয়ার গল্পটা তুলে ধরছে'। আবার রায়হান নামের একজন লিখেছেন, 'নাটকটির মাধ্যমে ট্রান্সজেন্ডার সংস্কৃতিকে প্রমোট বা প্রচার করা হয়েছে'। আবার আসিফ ইকবাল নামের একজন ফেসবুকে লিখেছেন, 'ট্রান্সজেন্ডার, হিজড়ারা এই সমাজের অংশ। বিংশ শতকেও তাদের নিয়ে নাটক প্রচার করতে আপত্তি উঠলে তা লজ্জার'। নাটকটির নির্মাতা রাফাত মজুমদার রিংকু বলছেন, এই পুরো ঘটনা নিয়ে `মর্মাহত,। "মানসিকভাবে বিব্রত আমি। এই নাটকটি ছয় মাস আগে বানিয়েছিলাম। একজন মানুষ ন্যাচারালি-ই যদি এরকম হয়, তাদের গল্প কি বলা যাবে না? মানুষের ক্রাইসিসের গল্প কি বলা যাবে না?„ তিনি প্রশ্ন করেন। তার মতে, মানুষ ভুল বুঝে নাটকটির ভুল ব্যাখ্যা দিচ্ছেন। এই ঘটনা সম্বন্ধে জানার জন্য প্রযোজনা প্রতিষ্ঠান একান্ন মিডিয়া,র সঙ্গে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও কাউকে পাওয়া যায়নি। কেউ যদি জন্মসূত্রে যে লিঙ্গ পেয়েছে, সেই পরিচয় না দিয়ে নিজেকে ভিন্ন লিঙ্গের বলে মনে করেন বা শারীরিক পরিবর্তন করেন, তাহলে তাকে ট্রান্সজেন্ডার বলা হয়। যেমন- ট্রান্সজেন্ডার নারী এমন একজন যিনি বর্তমানে নিজেকে নারী হিসাবে পরিচয় দিলেও তিনি জন্মেছেন পুরুষ লিঙ্গ নিয়ে। একইভাবে, ট্রান্সজেন্ডার পুরুষ এমন একজন যিনি বর্তমানে পুরুষ পরিচয় দিলেও তিনি জন্মেছেন নারীর লিঙ্গ নিয়ে। তাদের শারীরিক গড়ন নারীদের মতো হলেও আচরণে কোনো নারীসুলভ বিষয় থাকে না। বাংলাদেশের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৩ সালের নীতিমালা অনুযায়ী, যারা সমাজে হিজড়া বলে পরিচিত এবং নিজেকে হিজড়া বলে বর্ণনা পরিচয় দিতে অস্বত্বি বোধ করেন না, তিনি হিজড়া। বাংলাদেশে এদের তৃতীয় লিঙ্গ হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে। তবে বাংলাদেশে ট্রান্সজেন্ডার ইস্যুতে এমন তর্ক-বিতর্ক এই প্রথম না।

চলতি বছরের জানুয়ারি মাসে জাতীয় শিক্ষাক্রমের এক পাঠ্যবইয়ে থাকা ট্রান্সজেন্ডার বিষয়ক অধ্যায় নিয়ে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের একজন খণ্ডকালীন সাবেক শিক্ষক আসিফ মাহতাবের বক্তব্য নিয়ে সামাজিক

যোগাযোগ মাধ্যমে বিতর্কের ঝড় উঠেছিল। সেসময় সামাজিক মাধ্যমে তার একটি বক্তব্য ভাইরাল হয়। সেই ভাইরাল হওয়া ভিডিওতে তাকে ট্রান্সজেন্ডার এবং সমকামিতা বিরোধী বক্তব্য দিতে দেখা যায়। সেইসাথে, সেসময় তাকে সপ্তম শ্রেণির পাঠ্যবইয়ের এক অধ্যায়ে ট্রান্সজেন্ডার বিষয়ক একটি গল্পের পাতা ছিঁড়ে ফেলতেও দেখা যায়। পরবর্তীতে ওই ঘটনার পর ব্র্যাক বিশ্ববিদ্যালয় ওই শিক্ষকের সাথে চুক্তি বাতিল করেছিল। গত বছরের নভেম্বরে ঢাকার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের একটি অনুষ্ঠানে শিক্ষার্থীদের একটি অংশের আপত্তির মুখে একজন ট্রান্সজেন্ডার নারীকে অংশ নিতে না দেয়ার অভিযোগ উঠেছিল। (বিবিসি ওয়েব পেজ:১৭.০৪.২০২৪ রিহাব)

## পহেলা বৈশাখে সংস্কৃতি কর্মীদের অনুষ্ঠান নিয়ে তথ্য প্রতিমন্ত্রী ও পুলিশ নাখোশ

বাংলা নববর্ষের উদ্‌যাপনকে ঘিরে প্রতিবছরই বেশকিছু নির্দেশনা দিয়ে থাকে বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। কিন্তু, এবার সাংস্কৃতিক সংগঠন উদীচী ও সম্মিলিত সাংস্কৃতিক জোট সন্ধ্যা ছয়টা পর্যন্ত বেঁধে দেয়া সময়সীমা না মেনে তাদের বর্ষবরণের অনুষ্ঠান করেছে। এরপর এ নিয়ে পাল্টাপাল্টি বক্তব্য ও বিবৃতি দিয়েছে পুলিশ এবং সাংস্কৃতিক সংগঠনগুলো। এ নিয়ে মন্তব্য করেছেন তথ্য প্রতিমন্ত্রীও। ঢাকায় পহেলা বৈশাখ উদ্‌যাপনের কেন্দ্রে থাকে রমনা পার্ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা। এছাড়া, দেশজুড়ে বিভিন্ন স্থানে নানা আয়োজনে বরণ করে নেয়া হয় বাংলা নতুন বছরকে। গত ২৭শে মার্চ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পক্ষ থেকে নির্দেশনায় বলা হয়, ”রমনা পার্ক, সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়, হাতিরঝিল ও রবীন্দ্র সরোবরসহ দেশে যে সকল অনুষ্ঠান হবে তা সন্ধ্যা ছয়টার মধ্যে শেষ করতে হবে।„ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণের সকল আয়োজন বিকেল পাঁচটার মধ্যে শেষ করার আহ্বান জানায়। কিন্তু, এই বাঁধাধরা সময়ের ঘোষণা না মানার ঘোষণা দেয় বাংলাদেশের অন্যতম পুরনো সাংস্কৃতিক সংগঠন বাংলাদেশ উদীচী শিল্পী গোষ্ঠী ও সম্মিলিত সাংস্কৃতিক জোট। পহেলা বৈশাখের সন্ধ্যায় শাহবাগে `বর্ষবরণ মানে না শৃঙ্খল' শিরোনামে অনুষ্ঠান আয়োজন করে উদীচী। যে অনুষ্ঠান শুরুই হয় সন্ধ্যা ছয়টায়। অন্যদিকে সম্মিলিত সাংস্কৃতিক জোট নিষেধাজ্ঞা ভেঙ্গে কেন্দ্রীয় শহিদ মিনারে ৪টা থেকে ৯টা পর্যন্ত অনুষ্ঠান করে। এ নিয়ে তথ্য প্রতিমন্ত্রী, ডিএমপি ও উদীচীকে পাল্টাপাল্টি বক্তব্য ও বিবৃতি দিতে দেখা যায়। বিগত বছরগুলোতেও কর্তৃপক্ষের তরফে একই রকম বিধিনিষেধ ছিল। অন্যান্য সংগঠনের মতো উদীচী ও সম্মিলিত সাংস্কৃতিক জোট সেসব মেনে চলেছে। তবে, সরকারের কাছে এ সময়সীমার বাধ্যবাধকতা নিয়ে প্রতিবারই আপত্তি জানিয়ে আসছিল এসব সংগঠন। ”সরকার আমাদের কথা শোনেইনি। কয়েক বছর ধরেই সময়ের ঘেরাটোপে এমন একটা বিশাল উৎসবকে সংকুচিত করার পদক্ষেপ নিচ্ছিল,„ বিবিসি বাংলাকে বলছিলেন উদীচী শিল্পী গোষ্ঠীর সহ-সভাপতি জামশেদ আনোয়ার তপন। ”প্রতিবাদ স্বরূপ এবার ছয়টা এক মিনিট থেকে অনুষ্ঠান করেছি।„

নিরাপত্তার অজুহাতে সাংস্কৃতিক আয়োজনকে বাধাগ্রস্ত করা হচ্ছে, ফলে মত প্রকাশ বা প্রতিবাদের জায়গাও সংকুচিত হচ্ছে বলে অভিযোগ তার। মি. তপন বলেন, ”নিরাপত্তা দেয়া সরকারের দায়িত্ব। নিরাপত্তার ব্যবস্থা না করে যারা আয়োজন করবেন বা আসবেন তাদের ঘরে ঢুকিয়ে দেয়া অপারগতারই বহিঃপ্রকাশ।„ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ছয়টার মধ্যে অনুষ্ঠান বন্ধ করার নির্দেশনা জারি করার পর, প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছিলো সম্মিলিত সাংস্কৃতিক জোট। সংগঠনটি কেন্দ্রীয় শহিদ মিনারে বিকেল চারটা থেকে রাত নয়টা পর্যন্ত নববর্ষের অনুষ্ঠান করেছে। সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস প্রশ্ন তুলেছেন, ধর্মীয় বা জাতীয় কোনো অনুষ্ঠানে সময়ের বিধিনিষেধ না থাকলে সবচেয়ে বড় অসাম্প্রদায়িক উৎসবে কেন বাধ্যবাধকতা থাকবে? তবে, এসব বক্তব্যের সাথে দ্বিমত পোষণ করেন ডিএমপি,র উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) মোহাম্মদ ফারুক হোসেন। পুলিশের যথেষ্ট সামর্থ্য আছে বলেই নিরাপত্তায় কোনো ঘাটতি হয় না বলে দাবি তার। বিবিসি বাংলাকে মি. হোসেন বলেন, ”আইনের এখতিয়ারের ভেতরে থেকেই তাদের নির্দিষ্ট সময়ের মধ্যে অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হয়েছিল। এর আগে যে সমন্বয় সভার আয়োজন করা হয়েছিল সেখানে সরকারের সিদ্ধান্ত সবাইকে জানিয়ে দেয়া হয়। তারা কেন যে নির্দেশনার বাইরে গেল সেটাও তো আমরা বুঝতে পারছি না,„ যোগ করেন তিনি।

ঢাকা মহানগর পুলিশ অধ্যাদেশ ও মহানগর পুলিশ বিধিমালা অনুযায়ী সমাবেশ বা মিছিল করার অনুমতি দেয়া বা নিষিদ্ধ করার ক্ষমতা দেয়া হয়েছে পুলিশ কমিশনারকে। উদীচীর সহ-সভাপতি বলছেন, ”সংকুচিত করার চেষ্টা চলতে থাকলে” এরপর আরও বড় পরিসরে এমন আয়োজন করবেন তারা। ”মানুষ কিন্তু ঘরে ঢোকে নাই, মানুষ কিন্তু বাইরেই ছিল,„ বলেন মি. তপন। তবে, পুলিশের মুখপাত্রের বক্তব্য, ”এবার ছাড় দেয়া হয়েছে, কিন্তু ভবিষ্যতে আর ছাড় দেয়া হবে না।” উদীচীর এই প্রচেষ্টা ”বিব্রতকর„ আখ্যা দিয়েছে ঢাকা মহানগর পুলিশ। সোমবার রাতে ডিএমপি,র মিডিয়া সেন্টার থেকে একটি বিজ্ঞপ্তি পাঠানো হয় গণমাধ্যমগুলোতে। আজ সেটি ডিএমপি নিউজেও প্রকাশ করা হয়েছে ”বাংলা নববর্ষ উদ্‌যাপনে উদীচী শিল্পীগোষ্ঠীর আয়োজন এবং নিরাপত্তা প্রসঙ্গে ডিএমপির বক্তব্য„ শিরোনামে। এতে বলা হয়, ”নিরাপত্তা বিধানে প্রদত্ত প্রয়োজনীয় নির্দেশনা না মেনে তার বিরোধিতা করে অনুষ্ঠান করা খুবই দুঃখজনক এবং উদীচীর মতো প্রগতিশীল একটি সাংস্কৃতিক সংগঠনের নিকট থেকে যা কখনো কাম্য নয়।„ ১৯৯৯ সালে যশোরে উদীচীর অনুষ্ঠানে বোমা হামলার কথাও উল্লেখ করা হয় বিজ্ঞপ্তিতে। এরপর রমনা বটমূলে বোমা হামলা থেকে শুরু

করে হলি আর্টিজান রেঁস্তোরার ঘটনা পর্যন্ত উল্লেখ করে বলা হয়েছে, "হামলা প্রতিরোধ করতে ও জনগণের জীবন বাঁচাতে গিয়ে পুলিশের অনেক সদস্য জীবন দিয়েছেন„। "পুলিশ প্রতিটি অনুষ্ঠানে জনগণের জানমালের নিরাপত্তা দিতে সদা সতর্ক থাকায় পরবর্তী সময়ে বাংলাদেশে কোনো জঙ্গি হামলা বা সন্ত্রাসের ঘটনা ঘটতে পারে নাই। অতীতেও উদীচীর বিভিন্ন অনুষ্ঠানে বিভিন্ন সময়ে উগ্রবাদী হামলার ইতিহাস রয়েছে বিধায়„ সংস্কৃতিকর্মী ও জনগণের নিরাপত্তার স্বার্থে ভবিষ্যতে দেয়া নিরাপত্তামূলক নির্দেশনার মেনে চলার আহ্বানও জানিয়েছে ঢাকা মহানগর পুলিশ। সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে উদীচী অনুষ্ঠান করায় পুলিশের পাশাপাশি ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা, বাসসের খবরে বলা হয়েছে, প্রতিমন্ত্রী প্রশ্ন রেখেছেন, "সেখানে যদি কোনো দুর্ঘটনা ঘটতো তার দায়-দায়িত্ব কে নিতো?„

নিয়ম বা নির্দেশ না মেনে অনুষ্ঠান যারা করবেন তাদেরকেই সেই দায়-দায়িত্ব নিতে হবে বলে মনে করেন মি. আরাফাত। "নির্দেশনা উপেক্ষা করে উদীচী শিল্পীগোষ্ঠীর অনুষ্ঠান করা ছিল হঠকারী ও দুঃখজনক। তাদের এই আচরণে সরকার খুবই ব্যথিত ও মর্মাহত।„ তথ্য প্রতিমন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ জানিয়ে মঙ্গলবার একটি বিবৃতি দিয়েছে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী। বাংলা বর্ষবরণকে এই ভূখণ্ডের "সবচেয়ে বড় অসাম্প্রদায়িক উৎসব„ হিসেবে উল্লেখ করে ওই বিবৃতি বলা হয়, "বহু বছর ধরে এ উৎসবের বিরুদ্ধে মৌলবাদী, ধর্মান্ধ গোষ্ঠী নানা ধরনের অপপ্রচার ও কুৎসা রটিয়ে চলেছে।„ পয়লা বৈশাখের আগের দিন ডিএমপি কমিশনার হাবিবুর রহমান সাংবাদিকদের জানান, "বর্ষবরণের আয়োজনে সুনির্দিষ্ট কোনো হামলার আশঙ্কা নেই।„ তারপরও, "নিরাপত্তার অজুহাত দেখিয়ে সন্ধ্যার মধ্যে বাংলা নববর্ষের অনুষ্ঠান বন্ধ করে দেয়ার সিদ্ধান্তের সাথে মৌলবাদী, ধর্মান্ধ গোষ্ঠীর অবস্থানের সাযুজ্য রয়েছে বলে মনে করে উদীচী।„ তাদের মতে, এটি সাম্প্রদায়িক অপশক্তির কাছে একরকম আত্মসমর্পণ। অন্যদিকে সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস বিবিসি বাংলাকে বলেন, "আমরা মনে করি না আইন ভেঙেছি। কোনো জাতীয় দিবস, কোনো ধর্মীয় উৎসবে সময়ের কোনো বাধ্যবাধকতা থাকে না। তাহলে সবচেয়ে বড় অসাম্প্রদায়িক উৎসবে কেন বাধ্যবাধকতা থাকবে?„ পহেলা বৈশাখের আয়োজন ঘিরে একটি সাম্প্রদায়িক গোষ্ঠীর অপপ্রচার আছে উল্লেখ করে গোলাম কুদ্দুস বলেন, ''সেই অপপ্রচারের কারণে অধিক নিরাপত্তার জন্য সময়টাকে ছোটো করে আনলে বরং যারা বাঙালি সংস্কৃতির বিরুদ্ধে, প্রকারান্তরে বাংলাদেশ রাষ্ট্রের বিরুদ্ধে, তারাই উৎসাহিত হবে।'' বাংলা নববর্ষ ঘিরে নিরাপত্তার কড়াকড়ি শুরু হয় দেশটিতে জঙ্গি তৎপরতা শুরু হওয়ার পর থেকে। তবে জঙ্গি তৎপরতা নিয়ন্ত্রণে আনা হলেও গত কয়েক বছর ধরেই সন্ধ্যার মধ্যে পহেলা বৈশাখের অনুষ্ঠান শেষ করার জন্য তাগিদ দেয়া হয় পুলিশ ও প্রশাসনের তরফ থেকে।

বর্ষবরণে সবচেয়ে হামলার বড় ঘটনা ঘটেছিল ২০০১ সালে। ঢাকার রমনা পার্কে প্রতি বছর সাংস্কৃতিক ও শিক্ষা প্রতিষ্ঠান ছায়ানটের পক্ষ থেকে বর্ষবরণের যে আয়োজন করা হয়, ২০০১ সালে সেই রমনা বটমূলে ছায়ানটের বাংলা বর্ষবরণ অনুষ্ঠান চলার সময় মঞ্চের কাছেই বোমা বিস্ফোরণ ঘটে। এই ঘটনায় কমপক্ষে দশ জন নিহত এবং আরো অনেকে আহত হন। এছাড়া ১৯৯৯ সালের ছয়ই মার্চ উদীচীর সমাবেশে বোমা হামলায় ১০ জন নিহত এবং ১৫০ জনের মত আহত হয়েছিল। উদীচীর সমাবেশে বোমা হামলার সাথে জঙ্গী সংগঠনের সম্পৃক্ততার কথা বিভিন্ন সূত্র থেকে সংবাদমাধ্যমে প্রকাশ করা হয়। ২০০৭ সালে হরকাতুল জিহাদ নেতা মুফতি হান্নান উদীচীর অনুষ্ঠানে বোমা হামলার সম্পৃক্ত থাকার কথা স্বীকার করেছে বলে সংবাদমাধ্যমে খবরাখবর বের হয়। যদিও সেই হামলার জড়িত ব্যক্তিদের শনাক্ত বা বিচার কাজ ২৫ বছরেও শেষ হয়নি। (বিবিসি ওয়েব পেজ:১৭.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### ঝালকাঠিতে সেতুর টোল প্লাজায় ট্রাকের চাপায় ১৪ জন নিহত

ঝালকাঠিতে সেতুর টোল প্লাজায় সিমেন্ট বোঝাই একটি ট্রাকের চাপায় অন্তত ১৪ জন নিহত হয়েছেন। বুধবার (১৭ই এপ্রিল) দুপুর পৌনে ২টার দিকে ঝালকাঠি-খুলনা-বরিশাল আঞ্চলিক মহাসড়কের গাবখান সেতুর টোল প্লাজায় এ দুর্ঘটনা ঘটে। এই ঘটনায় আহত হয়েছেন অন্তত আরও ২৫ জন। নিহতদের নাম-পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল ইসলাম জানান, দুপুর দেড়টার দিকে টোলগেটের সামনে একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে টোল প্লাজায় অপেক্ষায় থাকা কয়েকটি গাড়িকে ধাক্কা দিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়। তিনি আরও জানান, গুরুতর আহতদের উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

### ২৪ই এপ্রিল থাইল্যান্ড সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ব্যাংককে জাতিসংঘ সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠেয় ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিকের (এসকাপ) অষ্টম অধিবেশনে যোগ দিতে ২৪ই এপ্রিল থাইল্যান্ড সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসকাপ সম্মেলন ২২ থেকে ২৬ই এপ্রিল থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে অনুষ্ঠিত হবে। সরকারের ঊর্ধতন একজন কর্মকর্তা

ইউএনবিকে জানিয়েছেন, অর্থমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এবং প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে থাকবেন। তিনি আরও বলেন, বাংলাদেশ প্রতিনিধিদলে আরও থাকবেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। একটি কূটনৈতিক সূত্র জানিয়েছে, সফরকালে একটি দ্বিপক্ষীয় বিষয় যুক্ত করার ব্যাপারে আলোচনা চলছে। যাতে থাইল্যান্ড ও বাংলাদেশের মধ্যে কয়েকটি দ্বিপক্ষীয় সহযোগিতা নথি সই হতে পারে। ২৭ই এপ্রিল প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। 'লিভারেজিং ডিজিটাল ইনোভেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' প্রতিপাদ্যকে সামনে রেখে অষ্টম অধিবেশনটি টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডা দ্রুত বাস্তবায়নের জন্য ডিজিটাল উদ্ভাবনকে কাজে লাগাতে এই অঞ্চলে সহযোগিতামূলক পদক্ষেপ জোরদার করার একটি সুযোগ তৈরি করবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ডিজিটাল উদ্ভাবন কীভাবে আরও অন্তর্ভুক্তিমূলকভাবে অবদান রাখতে পারে, সে বিষয়ে আলোচনার লক্ষ্যে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সরকারি নেতা ও মন্ত্রী এবং অন্য মূল স্টেকহোল্ডারদের এই অধিবেশনে মিলিত করবে। আয়োজকেরা বলছেন, সম্মেলনে অংশগ্রহণকারীরা ডিজিটাল উদ্ভাবনের রূপান্তরমূলক সম্ভাবনাকে সম্পূর্ণরূপে উন্মোচনের সুযোগগুলো চিহ্নিত করা এবং টেকসই উন্নয়নে তাদের অবদান জোরদার করার পন্থাগুলো নিয়েও আলোচনা করতে সক্ষম হবেন। একটি ডিজিটাল উদ্ভাবনী মেলা অংশীদার এবং স্টেকহোল্ডারদের বিস্তৃত পরিসরে সম্পৃক্ত হওয়ার সুযোগ করে দেবে, যারা ইতিমধ্যে ডিজিটাল উদ্ভাবনগুলোর মাধ্যমে এই অঞ্চলজুড়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখছে। টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এককভাবে অবস্থান করছে। ইতিমধ্যে, এই অঞ্চলটি কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল অর্থনীতি, গভটেক এবং ইন্টারনেট অফ থিংসের মতো অগ্রণী প্রযুক্তিনির্ভর ডিজিটাল প্রক্রিয়ায় পরিচালিত উদ্ভাবনের জন্য একটি গতিশীল কেন্দ্র হিসাবে স্বীকৃত হয়েছে। তবুও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যাপক সম্মিলিত প্রচেষ্টা জোরদার করতে আরও দক্ষতা এবং ডিজিটাল উদ্ভাবনকে কাজে লাগাতে এই অঞ্চলের একটি পরিকল্পনা প্রয়োজন।

(ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

বাংলাদেশে বুধবার (১৭ই এপ্রিল) পালিত হয়েছে ঐতিহাসিক মুজিবনগর দিবস। দিবসটি উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার সকালে তিনি রাজধানীর ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণের পর প্রধানমন্ত্রী স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পরে দলের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আরেকটি পুষ্পস্তবক অর্পণ করেন। এর আগে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে মুজিবনগর স্মৃতিসৌধে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে মুজিবনগর দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয়। পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) খাইরুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত। দ্বিতীয় পর্বে সন্ধ্যা সাড়ে ৬টায় মুজিবনগর স্মৃতিকেন্দ্রের মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠান, লেজার শো ও আতশবাজির আয়োজন করা হয়। এ ছাড়া, শেখ হাসিনা মঞ্চে মুজিবনগর দিবসের আলোচনা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন। প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের মেয়ে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী সিমিন হোসেন রিমি, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন ও ডা. সৈয়দা জাকিয়া নুর (লিপি)। আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবুল আলম হানিফ ও সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন প্রমুখ।

দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দেন। বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং বিভিন্ন বেসরকারি রেডিও ও টেলিভিশন চ্যানেল বিশেষ অনুষ্ঠানমালা প্রচার এবং সংবাদপত্রগুলো বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করে। এ ছাড়া, দিবসের তাৎপর্য তুলে ধরতে জেলা, উপজেলা পর্যায়ে এবং বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে অনুরূপ কর্মসূচির আয়োজন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ইতিহাসে ১৭ই এপ্রিল গুরুত্বপূর্ণ একটি দিন। ১৯৭১ সালের এই দিনে মেহেরপুর জেলার (তখন মহকুমা) বৈদ্যনাথতলার আম্রকাননে স্বাধীন বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এ্ং সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদসহ অন্য মন্ত্রীরা শপথ নেন। এর আগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি ও সৈয়দ নজরুল ইসলামকে উপরাষ্ট্রপতি এবং তাজউদ্দীন আহমদকে প্রধানমন্ত্রী করে বাংলাদেশ সরকার গঠন করা হয়। এম এ জি ওসমানীকে প্রধান সেনাপতি নিযুক্ত করা হয়। এ ছাড়া,

১৭ই এপ্রিল বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র অনুমোদিত হয়। পরবর্তীতে বৈদ্যনাথতলার নাম রাখা হয় মুজিবনগর। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

**আইএমএফের প্রবৃদ্ধির পূর্বাভাস কমানো নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : অর্থমন্ত্রী মাহমুদ আলী**

চলতি অর্থবছরে আইএমএফের বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির পূর্বাভাস কমানো নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, বাংলাদেশের অর্থনীতি পুনরুদ্ধারের বিষয়ে তিনি সন্তুষ্ট। যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে স্থানীয় সময় মঙ্গলবার (১৬ই এপ্রিল) বিশ্বব্যাংক-আইএমএফের বসন্তকালীন বৈঠকের ফাঁকে বাংলাদেশি এক সাংবাদিকের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। মাহমুদ আলী বলেন, আইএমএফের জিডিপি প্রবৃদ্ধির পূর্বাভাস নিয়ে চিন্তা নেই, কারণ দেশ এরই মধ্যে সংকট কাটিয়ে উঠতে শুরু করেছে। তিনি বলেন, ”অর্থনৈতিক সংস্কারের জন্য সরকার যেসব উদ্যোগ নিয়েছে, সেগুলো কাজ করছে।„ তিনি আরও বলেন, মানুষ স্বস্তি ফিরে পাচ্ছে। কিন্তু যারা নেতিবাচক দৃষ্টিতে দেখছেন, তারা খুশি নন। চলতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধির পূর্বাভাস আবার সংশোধন করে, ৫ দশমিক ৭ শতাংশ নির্ধারণ করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। মঙ্গলবার (১৬ই এপ্রিল) প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুকে সংশোধিত এ প্রতিবেদন প্রকাশ করেছে আইএমএফ। আইএমএফের প্রবৃদ্ধির পূর্বাভাসে, ক্রমাগত উচ্চ মূল্যস্ফীতি, বেকারত্ব, নিম্ন রেমিট্যান্স প্রবাহ, শিল্প বিনিয়োগের লক্ষ্যমাত্রা হ্রাস এবং বিভিন্ন বৈশ্বিক ও স্থানীয় চ্যালেঞ্জ তুলে ধরা হয়েছে। দ্বিতীয়বারের মতো বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস কমিয়েছে আইএমএফ। ২০২৩ সালের অক্টোবরে, ২০২৩-২৪ অর্থবছরের জন্য প্রবৃদ্ধির পূর্বাভাস সাড়ে ৬ শতাংশ থেকে কমিয়ে ৬ শতাংশ করা হয়েছিল। অন্যদিকে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) রপ্তানির ওপর নির্ভর করে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের জিডিপি ৬ দশমিক ১ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করবে বলে জানাছিল। চলতি মাসের শুরুর দিকে বিশ্বব্যাংক জানিয়েছে, উচ্চ মূল্যস্ফীতির কারণে বেসরকারি ভোগ কমে যাওয়ায় নিম্ন প্রবৃদ্ধির মুখোমুখি হবে বাংলাদেশ। বিশ্বব্যাংক আরও বলেছে, ২০২৩-২৪ অর্থবছরে জিডিপি ৫ দশমিক ৬ শতাংশ পর্যন্ত প্রসারিত হবে। এই হার, কোভিড-১৯ মহামারীর আগের দশকের গড় বার্ষিক প্রবৃদ্ধি হার, ৬ দশমিক ৬ শতাংশ থেকে কম। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

**দায়িত্বশীল ও টেকসই সমুদ্র ব্যবস্থাপনা নেওয়া প্রয়োজন : পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ**

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, ”সমুদ্র উপকূলে বসবাসকারী মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণের মধ্যে ভারসাম্য বজায় থাকে এমন সমুদ্রের টেকসই ব্যবস্থাপনা নেওয়া প্রয়োজন। মানুষের একমাত্র আবাস পৃথিবী গ্রহকে টিকিয়ে রাখা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমুদ্র ও সামুদ্রিক সম্পদের দায়িত্বশীল ও সযত্নে ব্যবহার করতে হবে।„ বুধবার (১৭ই এপ্রিল) গ্রিসের রাজধানী এথেন্সে নবম আওয়ার ওশান কনফারেন্সের সমাপনী দিনে সমুদ্রের টেকসই ব্যবস্থাপনা নিয়ে পররাষ্ট্রমন্ত্রীদের উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনায় অংশ নিয়ে এ কথা বলেন তিনি। হাছান মাহমুদ বলেন, পরিবেশের ক্ষতি কমাতে জাতীয় সীমার বাইরের জীববৈচিত্র্য সংরক্ষণ, বাস্তুতন্ত্রের সার্বিক উন্নয়ন এবং গ্রিন শিপিং বা পরিবেশবান্ধব নৌপরিবহনের ব্যবস্থা গড়ে তুলতে বিভিন্ন দেশ প্রায় ১০ বিলিয়ন ইউএস ডলারের প্রতিশ্রুতি দিয়েছিল। তা এখনো বাস্তবায়িত হয়নি। সব রাষ্ট্রে জাতীয় সীমাবহির্ভূত জীববৈচিত্র্য সংরক্ষণ চুক্তি (বিবিএনজে) অনুমোদিত করা এবং মহাসাগরের জীববৈচিত্র্য পুনরুদ্ধারে তহবিল বরাদ্দের জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান হাছান মাহমুদ। এ সময় তিনি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে টেকসই সমুদ্র ব্যবস্থাপনা এবং সামুদ্রিক সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে সরকারের গৃহীত নানা উদ্যোগের কথাও তুলে ধরেন। প্যানেল আলোচনায় অন্যদের মধ্যে স্বাগতিক দেশ গ্রিস, কোস্টারিকা, কেপ ভার্দে, সাও টোমে এবং প্রিন্সেপের পররাষ্ট্রমন্ত্রীরা বক্তব্য দেন। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ এলিনা)

**বিদেশি ব্যাংক আলফালাহকে অধিগ্রহণ করবে ব্যাংক এশিয়া**

আর কোনো ব্যাংককে একীভূতকরণের সুযোগ দেওয়া হবে না, এমন সিদ্ধান্ত থেকে সরে এসে বিদেশি ব্যাংক আলফালাহকে অধিগ্রহণের জন্য ব্যাংক এশিয়াকে অনুমতি দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশের বেসরকারি বাণিজ্যিক আর্থিক প্রতিষ্ঠান ব্যাংক এশিয়া বিদেশি ব্যাংক আলফালাহকে অধিগ্রহণের পরিকল্পনা করছে। পাকিস্তানের করাচিভিত্তিক ব্যাংক আলফালাহ ১৭ই এপ্রিল দেশটির স্টক এক্সচেঞ্জকে এ তথ্য জানায়। প্রকাশিত তথ্যে জানা যায়, ব্যাংক আলফালাহ লিমিটেডের পরিচালনা পর্ষদ বাংলাদেশের কার্যক্রম, সম্পদ ও দায় অধিগ্রহণের জন্য ব্যাংক এশিয়া লিমিটেডের প্রাপ্ত ইঙ্গিতমূলক প্রস্তাবের ক্ষেত্রে নীতিগত অনুমোদন দিয়েছে। এতে বলা হয়, ব্যাংক আলফালাহ বাংলাদেশের ব্যাংক এশিয়ার সঙ্গে যথাযত কার্যক্রম শুরুর জন্য স্টেট ব্যাংক অফ পাকিস্তানের অনুমোদন চেয়েছে। ব্যাংক এশিয়ার ব্যবস্থাপনা পরিচালক সোহেল আর কে হুসেইন বলেন, এটি একটি চলমান প্রক্রিয়া এবং একীভূতকরণ খুব বেশি আলোচনার অংশ নয়। সামনের সপ্তাহে দুই ব্যাংকের নির্বাহীদের সঙ্গে বৈঠকে অধিগ্রহণের বিষয়টি চূড়ান্ত রূপ পাবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ১৯৯৯ সালে যাত্রা শুরুর পর এ নিয়ে তৃতীয়বারের মতো কোনো বিদেশি

ব্যাংকের বাংলাদেশে থাকা কার্যক্রম ক্রয়ের পদক্ষেপ নিয়েছে ব্যাংক এশিয়া। এর আগে কানাডাভিত্তিক নোভা স্কোটিয়া ও পাকিস্তানের আরেক ব্যাংক মুসলিম কমার্শিয়াল ব্যাংকের বাংলাদেশ কার্যক্রম অধিগ্রহণ করেছিল ব্যাংক এশিয়া। উল্লেখ্য, চলতি বছরের ৩১ জানুয়ারি ব্যাংকের শীর্ষ নির্বাহীদের সঙ্গে এক বৈঠকে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে দুর্বল ব্যাংক একীভূত করার বিষয়ে উদ্যোগ গ্রহণের পরামর্শ দেওয়া হয়। এ জন্য ভালো ও দুর্বল ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের নিজেদের মধ্যে আলোচনা শুরুরও পরামর্শ দিয়েছিলেন গভর্নর আব্দুর রউফ তালুকদার। একই ধরনের পরামর্শ দেওয়া হয় ব্যাংক উদ্যোক্তাদের সংগঠন বিএবির একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকেও। ৪ঠা মার্চ ওই বৈঠক অনুষ্ঠিত হয়। এরপর ১৪ই মার্চ এক্সিম ব্যাংক ও পদ্মা ব্যাংকের পরিচালনা পর্ষদ একে অপরের সঙ্গে একীভূত হওয়ার সিদ্ধান্ত নেয়। ৩রা এপ্রিল সরকারি খাতের দুটি ব্যাংক একীভূত করার সিদ্ধান্ত হয়। সেদিন রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংককে (রাকাব) বাংলাদেশ কৃষি ব্যাংকের সঙ্গে ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংককে (বিডিবিএল) সোনালী ব্যাংকের সঙ্গে একীভূত করার সিদ্ধান্ত হয়। ৮ই এপ্রিল সিটি ব্যাংকের সঙ্গে বেসিক ব্যাংককে একীভূত করার সিদ্ধান্ত হয়। সর্বশেষ ইদের ছুটির আগে ৯ই এপ্রিল বেসরকারি ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকের (ইউসিবি) সঙ্গে ন্যাশনাল ব্যাংককে একীভূত করার সিদ্ধান্ত হয়। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক ১৫ই এপ্রিল (সোমবার) আর কোনো ব্যাংককে একীভূত করা হবে না, জানিয়ে বলেছিলেন, যে পাঁচটি ব্যাংক একীভূত করার প্রক্রিয়া শুরু হয়েছে, তার ফলাফল ও অভিজ্ঞতা যাচাইয়ের পর নতুন করে অন্য কোনো দুর্বল ব্যাংক একীভূত করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, ”পাঁচ ব্যাংকের বাইরে এখন নতুন করে আর কোনো ব্যাংককে স্বেচ্ছায় একীভূতকরণ করা হবে না। কারণ, এ বিষয়ে আমাদেরও কতটা সক্ষমতা আছে, সেটাও গুরুত্বপূর্ণ বিষয়। একটি ব্যাংক নিরীক্ষা করতে তিনটি নিরীক্ষা প্রতিষ্ঠান লাগবে। দেশে ভালো নিরীক্ষা প্রতিষ্ঠানের অভাব আছে।„
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ এলিনা)

## ফসলের ক্ষয়ক্ষতি নিরূপণে ড্রোন প্রযুক্তি আনছে বাংলাদেশ

বৈরি আবহাওয়াজনিত ঘটনা বা রোগের কারণে হওয়া ফসলের ক্ষয়ক্ষতি শনাক্ত করতে রিমোট সেন্সিং ও ড্রোন আনার প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ। অত্যাধুনিক এই প্রযুক্তির ব্যবহার শেখার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) প্রায় ২০ জন কর্মকর্তাকে প্রাথমিকভাবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ঢাকায় `শষ্য পর্যবেক্ষণ এবং ফসলের ক্ষতির মূল্যায়নের জন্য ড্রোন ও স্যাটেলাইট চিত্রের ব্যবহার, শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্‌বোধনী অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সাত দিনব্যাপী এই কর্মশালার উদ্‌বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মলয় চৌধুরী ও বাংলাদেশে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং। এ প্রশিক্ষণ কর্মশালা যৌথভাবে আয়োজন করেছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও এডিবি। চলবে ২৫শে এপ্রিল পর্যন্ত। উদ্‌বোধনী অনুষ্ঠানে এডিবির কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং বলেন, বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান হুমকির প্রেক্ষাপটে কৃষি উৎপাদনশীলতা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ফসলের রোগ ও ক্ষয়ক্ষতির যথাযথ মূল্যায়ন জরুরি। তিনি বলেন, ”জলবায়ুর প্রভাব মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা করতে উন্নত প্রযুক্তিসহ উদ্‌ভাবনী সমাধান নিয়ে আসা অব্যাহত রাখবে এডিবি।„ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস বলেন, ভবিষ্যতে উন্নত প্রযুক্তির মাধ্যমে আমাদের কর্মকর্তারা ফসলের ক্ষয়ক্ষতি নিরূপণ করতে এবং জলবায়ু পরিবর্তনের কারণে সম্ভাব্য ক্ষতি প্রশমনে কার্যকর সরকারি কর্মসূচি গ্রহণ করতে সক্ষম হবেন। উদ্‌বোধনী অনুষ্ঠানে জানানো হয়, কর্মশালায় প্রশিক্ষণার্থীদের ফসলের ক্ষয়ক্ষতি শনাক্তকরণের জন্য ভৌগোলিক তথ্য সিস্টেম (জিআইএস) এবং রিমোট সেন্সিং বিশ্লেষণের ওপর চার দিনের প্রশিক্ষণ দেওয়া হবে। এরপর মোবাইল ডিভাইস ব্যবহার করে গ্রাউন্ড ডেটা সংগ্রহের পদ্ধতি শিখতে সিলেটে তিন দিনের মাঠ পর্যায়ের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ কর্মসূচি শেষে এডিবি ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেট অঞ্চলে ফসলের ক্ষয়ক্ষতি নিরূপণে যৌথ প্রতিবেদন তৈরি করবে। এ ছাড়াও, গোপালগঞ্জ এলাকায় এডিবির সহায়তায় সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্পের মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করা হবে। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগ দেশব্যাপী ছোট আকারে জলবায়ু দুর্যোগ নিরূপণ পরিকল্পনা বাস্তবায়নে করবে। প্রশিক্ষণটি পরিচালনা করছেন ইন্টারন্যাশনাল ক্রপস রিসার্চ ইনস্টিটিউট ফর দ্য সেমি-অ্যারিড ট্রপিকসের (আইসিআরআইএসএটি) বিশেষজ্ঞরা। সমৃদ্ধ ও সহনশীল এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়তে জাপান সরকারের অর্থায়নে এশীয় উন্নয়ন ব্যাংক জাপান ফান্ড থেকে এই প্রশিক্ষণ কর্মসূচির জন্য তহবিল দিচ্ছে। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ এলিনা)

## বিসিবির অস্পষ্ট অবস্থানের কারণে অনিশ্চিত আন্তর্জাতিক ক্যারিয়ার তামিম ইকবালের

আসন্ন জিম্বাবুয়ে সিরিজের জন্য বাংলাদেশ দল প্রস্তুতি শুরু করলেও অভিজ্ঞ ওপেনার তামিম ইকবালের আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার সম্ভাবনা এখনো অনিশ্চিত হয়ে আছে। এ নিয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পক্ষ থেকেও কোনো পরিষ্কার ধারণা দেওয়া হয়নি। সবশেষ ২০২৩ সালের সেপ্টেম্বরে আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন তামিম। এরপর থেকে ইনজুরি ও জাতীয় দলে তাঁর অনুপস্থিতি তাঁকে দলের বাইরে রেখেছে। এরই মধ্যে ২০২৩ সালের শেষ দিকে নতুন বছরের জাতীয় চুক্তি থেকে বাদ দেওয়ার জন্য অনুরোধ করেন তামিম, যা তাঁর আন্তর্জাতিক ক্যারিয়ারের সম্ভাব্য

সমাপ্তির ইঙ্গিত দেয়। তবে তামিম বা বিসিবি কারও কাছ থেকেই এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো বক্তব্য পাওয়া যায়নি। তামিমের সম্ভাব্য ফেরার বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ক্রিকেট অপারেশন্স চেয়ারম্যান জালাল ইউনুস পাল্টা প্রশ্ন করে বলেন, "তামিম কি বলেছে যে সে ফিরে আসবে?„ তামিমের সঙ্গে এ ধরনের কোনো আলোচনা হয়নি বলে জানান তিনি। তামিমের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনার দায়িত্ব পেয়েছিলেন বলে জানালেও আলোচনার ফলাফল প্রকাশ করতে অস্বীকৃতি জানান জালাল ইউনুস। তিনি বলেন, নিজের সিদ্ধান্ত ব্যাখ্যা করতে তামিম বোর্ড সভাপতির সঙ্গে দেখা করবেন। তবে এ বৈঠক কবে হবে তা জানাননি জালাল ইউনুস। সম্প্রতি বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) ফরচুন বরিশালকে প্রথম শিরোপা এনে দেওয়া এবং মৌসুমের সর্বোচ্চ রান সংগ্রহকারী হিসেবে তামিমের দুর্দান্ত পারফরম্যান্স টি-টোয়েন্টি ফরম্যাটে ফিরে আসার বিষয়ে জল্পনা-কল্পনা বাড়িয়ে তুলেছিল। তবে টি-টোয়েন্টি থেকে অবসর নিলেও আর কোনো ঘোষণা দেননি তামিম। এদিকে তামিমকে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরানোর ইচ্ছা প্রকাশ করেছেন জাতীয় দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। তবে তামিম ফিরবেন কি না, এ নিয়ে সব আলোচনাই এখনো অনিশ্চয়তার মধ্যে রয়ে গেছে। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ এলিনা)

## উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত বিএনপির

বাংলাদেশের বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষর করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। এতে বলা হয়, সোমবার রাতে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে ভার্চুয়ালি যোগ দেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শেখ হাসিনার সরকার ও তাঁর আজ্ঞাবহ নির্বাচন কমিশন, বেসামরিক ও পুলিশ প্রশাসন একটি অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে পারে না। অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ নেই বলেও উল্লেখ করে দলটি। উল্লেখ্য, বাংলাদেশে চার ধাপে ষষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ২১শে মার্চ (বৃহস্পতিবার) প্রথম ধাপের ১৫২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। তফসিল অনুযায়ী প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন ছিল ১৫ই এপ্রিল (সোমবার)। প্রথম ধাপের ভোট গ্রহণ হবে ৮ই মে। দ্বিতীয় ধাপের ১৬১টি উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে ১লা এপ্রিল (সোমবার)। দ্বিতীয় ধাপের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২১শে এপ্রিল। মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের তারিখ ২৩শে এপ্রিল। যাচাই-বাছাইয়ে বাদ পড়লে আপিল করা যাবে ২৪-২৬শে এপ্রিল পর্যন্ত। এসব উপজেলায় ভোট গ্রহণ করা হবে ২১শে মে। এদিকে বুধবার (১৭ই এপ্রিল) তৃতীয় ধাপের উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। তৃতীয় ধাপে ১১২টি উপজেলা পরিষদের নির্বাচন ২৯শে মে অনুষ্ঠিত হবে। চতুর্থ ধাপের উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল এখনো ঘোষণা করা হয়নি। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশে আশ্রয় নিয়েছে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের আরও ৪৬ সদস্য

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে দেশটির বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ৪৬ সদস্য মঙ্গলবার (১৬ই এপিল) রাতে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বুধবার বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা (পিআরও) শরিফুল ইসলাম জানান, মঙ্গলবার রাতে নতুন করে আরও ৪৬ জন বিজিপি সদস্য আশ্রয় নিয়েছে। নতুন ৪৬ জনসহ বাংলাদেশে আসা মোট বিজিপি সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ২৬০ জন। উল্লেখ্য, এ বছরের ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে বিজিপি, সেনাসদস্য ও ইমিগ্রেশন কর্মকর্তাসহ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর ৩৩০ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছিল। ১৫ই ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) কড়া নিরাপত্তার মধ্য দিয়ে তাদের মিয়ানমারের ফেরত পাঠায় বাংলাদেশ। ফেরত পাঠানো ৩৩০ জনের মধ্যে ছিল ৩০২ জন বিজিপি সদস্য, ৪ জন বিজিপি পরিবারের সদস্য, ২ জন সেনাসদস্য, ১৮ জন ইমিগ্রেশন সদস্য এবং ৪ জন বেসামরিক নাগরিক। এ বছরের ২রা ফেব্রুয়ারি রাত থেকে মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘর্ষ চলছে। জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা,আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট ২০২৩ সালের ২৭ই অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। উল্লেখ্য, ২০১৭ সালের ২৫শে অগাস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে

হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়।(ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

### বাংলাদেশের হজ ব্যবস্থাপনা চ্যালেঞ্জের মুখে : হাব সভাপতি তসলিম

হজ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশের (হাব) সভাপতি এম শাহাদাত হোসাইন তসলিম বলেছেন, "বাংলাদেশের হজ ব্যবস্থাপনা চ্যালেঞ্জের মুখে। ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে হাব এ বিষয়ে পূর্বেই সতর্ক করেছিল। কিন্তু মন্ত্রণালয় তা অনুধাবন করতে ব্যর্থ হয়েছে। হজযাত্রীদের কল্যাণে সুশৃংখল হজ ব্যবস্থাপনার স্বার্থে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে এ চ্যালেঞ্জ মোকাবিলায় কাজ করতে হবে।„ মঙ্গলবার (১৬ই এপ্রিল) রাতে রাজধানী ঢাকার ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে হাব আয়োজিত হজ ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও করণীয় শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। আলোচনা সভায় সারা দেশের হজ এজেন্সির প্রতিনিধিরা অংশ নেন। তিনি বলেন, ধর্ম মন্ত্রণালয়ের কারণে এখনো সৌদি আরবে বাড়ি ভাড়া করা সম্ভব হয়নি। বাড়ি ভাড়াসহ অনেক আনুষ্ঠানিকতা বাকি। অথচ চলতি বছর চাঁদ দেখা সাপেক্ষে হজ হতে পারে ১৬ই জুন। শাহাদাত হোসাইন তসলিম বলেন, "মন্ত্রণালয়ের অব্যবস্থাপনার কারণে আমরা চ্যালেঞ্জের মধ্যে পড়েছি। কোনো হাজি যেন হজে গিয়ে কষ্ট না পান, সেই জন্য আমরা কাজ করে যাচ্ছি।„ শাহাদাত হোসাইন তসলিম বলেন, "মন্ত্রণালয়ের কর্মকর্তারা হজ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে এজেন্সি মালিকদের সঙ্গে পরামর্শ করে না। হজ ব্যবস্থাপনায় আবার চ্যালেঞ্জের মধ্যে পড়েছে। আমরা আগেই ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করেছিলাম যে, হজ ব্যবস্থাপনা এ বছর চ্যালেঞ্জিং হবে। এজেন্সি কোটা সর্বনিম্ন ১০০ জন রাখতে আমরা অনুরোধ করেছিলাম। কোনো এক অজানা কারণে ধর্ম মন্ত্রণালয় হজযাত্রীর সংখ্যা কমাতে অনাগ্রহী হয়ে পড়ে। মন্ত্রণালয় সর্বোচ্চ এজেন্সি কোটা ৩০০ থাকা সত্ত্বেও কি কারণে ৫০০ জন করা হলো যা বোধগম্য নয়।„ তিনি বলেন, "সৌদি আরব সরকার ৫৬ এজেন্সির মাধ্যমে হজ কার্যক্রম পরিচালনার প্রস্তাব দিলেও আমরা তার বিরোধিতা করেছিলাম। কারণ এজেন্সিতে যাত্রী সংখ্যা বেশি হলে সব যাত্রীকে সেবা প্রদান করা দুরূহ হয়ে পড়ে। বিশেষ করে বৃদ্ধ হাজীদের সঠিকভাবে সেবা প্রাপ্তিতে বিঘ্ন ঘটে।„ শাহাদাত হোসাইন তসলিম আরও বলেন, "হজযাত্রীদের বাড়ি ভাড়ার জন্য এজেন্সির প্রতিনিধি বা মোনাজ্জেমকে সৌদিতে যেতে হয়। প্রতি বছর মোনাজ্জেমদের সৌদি যেতে মাল্টিপল ভিজিট ভিসা প্রদান করা হয়ে থাকে। হজ অফিসের পরিচালকের নির্দেশনা মোতাবেক এজেন্সিগুলো পাসপোর্টসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভিজিট ভিসার জন্য অপেক্ষা করছে। কিন্তু ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এখনো হজ এজেন্সির মোনাজ্জেম বা প্রদিনিধিদের ভিজিট ভিসার ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে। মোনাজ্জেম ছাড়া বাড়ি ভাড়া করা যাবে না এবং বাড়ি ভাড়া করা না গেলে হজ ভিসা করা যাবে না।„(ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### এম ইলিয়াস আলিসহ সকল গুম রাষ্ট্রের পৃষ্টপোষকতায় হয়েছে: রিজভী

বাংলাদেশে বিএনপি'র সংগঠনিক সম্পাদক এম ইলিয়াস আলীসহ সকল গুম রাষ্ট্রের পৃষ্ঠপোষকতায় হয়েছে বলে অভিযোগ করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। বুধবার রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন তিনি। তিনি বলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক সিলেট জেলা বিএনপির সাবেক সভাপতি সাবেক সংসদ সদস্য এম ইলিয়াস আলীর গুমের বুধবার ১২ বছর পূর্ণ হল। তাকে ফিরে পাওয়ার অধীর অপেক্ষায় আজও প্রহর গুনছেন তার স্ত্রী সন্তান পরিবারসহ দেশের অগণিত নেতাকর্মী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের নির্দেশে ২০১২ সালের ১৭ই এপ্রিল মধ্যরাতে রাজধানীর বনানীর দুই নম্বর সড়কের সাউথ পয়েন্ট স্কুল এন্ড কলেজের সামনে থেকে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা গাড়িচালক আনসার আলীসহ তুলে নিয়ে যায় ইলিয়াস আলীকে। এরপর গাড়িটি পাওয়া গেলেও হদিস মেলেনি তাদের। এ কথা আজ জনগণের কাছে স্পষ্ট যে এই ফ্যাসিবাদী সরকারই ইলিয়াস আলীকে গুম করেছে বলে মন্তব্য করেছেন রুহুল কবীর রিজভী। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ১৭.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### উত্তর কোরিয়ার গোয়েন্দা উপগ্রহ উৎক্ষেপণ দৃশ্যত আসন্ন বলে জানিয়েছে মার্কিন গবেষণা কেন্দ্র

মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি গবেষণা কেন্দ্র জানিয়েছে যে, উত্তর কোরিয়া সম্ভবত একটি গোয়েন্দা উপগ্রহ উৎক্ষেপণের পরিকল্পনা সাময়িকভাবে বাতিল করেছে বলে উপগ্রহের মাধ্যমে নেয়া চিত্রে দেখা যাচ্ছে, তবে অদূর ভবিষ্যতে এই উৎক্ষেপণের লক্ষ্যে প্রস্তুতি চলছে। কৌশলগত এবং আন্তর্জাতিক গবেষণা বিষয়ক কেন্দ্র বা সিএসআইএস, চলতি মাসের শুরুতে সোহে উপগ্রহ উৎক্ষেপণ স্টেশনের ধারণ করা চিত্র বিশ্লেষণের পর মঙ্গলবার এর ফলাফল প্রকাশ করেছে। এই স্থাপনাটি দেশের উত্তর-পশ্চিমে তংচাং-রিতে অবস্থিত। সিএসআইএস গবেষকরা বলছেন যে ৮ই এপ্রিল তোলা ছবিতে প্রশাসন ও নিরাপত্তা সদর দফতর চত্বরে ১০টি গাড়ি দেখতে পাওয়া যায়। তারা উল্লেখ

করেন, "এত বেশি সংখ্যক যানবাহন ঐতিহাসিকভাবে অতীতে চালানো পরীক্ষামূলক উৎক্ষেপনের সাথে সামঞ্জস্যপূর্ণ।" তবে ১০ইই এপ্রিলের পর সেই যানবাহনগুলো আর দেখতে পাওয়া যায় নি উল্লেখ করে তারা বলেন এর থেকে "একটি উপগ্রহ উৎক্ষেপণের পরিকল্পনা থাকলেও অজানা কারণে তা বাতিল করা হয়েছে" বলে আভাস পাওয়া যাচ্ছে। গবেষকরা আরও বলেছেন যে ৮ই এপ্রিলের একটি চিত্রে একটি ভিআইপি স্থাপনায় তিনটি গাড়ির উপস্থিতি দেখা যায়, উৎক্ষেপণ পর্যবেক্ষণের জন্য নেতা কিম জং উন প্রায়শই যেখানে যান। তবে ১০ইই এপ্রিলের মধ্যে মাত্র একটি গাড়ি সেখানে ছিল বলে তারা জানান। তারা আরও বলেন, "এই যানটির দীর্ঘস্থায়ী উপস্থিতি থেকে উৎক্ষেপণ স্থগিত করা হলেও, নিকট ভবিষ্যতে একটি প্রত্যাশিত উৎক্ষেপণের লক্ষ্যে প্রস্তুতি অব্যাহত থাকার আভাস পাওয়া যাচ্ছে।" (এনএইচকে ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### অনুভূতিতে আঘাতের কথা বললেই নাটক প্রত্যাহার!

একটি মহল একটু প্রশ্ন তুলতেই `রূপান্তর' নাটকটি কেন ইউটিউব থেকে সরানো হলো বিশ্লেষকরা তা ঠিক বুঝে উঠতে পারছেন না। তারা বলছেন, মানুষের এমন `রূপান্তর' তো এখন একটি বৈজ্ঞানিক বিষয়! রাফাত মজুমদার রিংকুর পরিচালনায় `রূপান্তর' নাটকটি গত ১৫ই এপ্রিল ইউটিউবে প্রকাশ করা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে এটাকে কেন্দ্র করে `ট্রান্সজেন্ডার' ইস্যু নিয়ে বিরূপ প্রতিক্রিয়া শুরু হলে মাত্র একদিন পর, অর্থাৎ ১৬ই এপ্রিল সকালেই নাটকটি `প্রত্যাহার' করা হয়। নাটকটিতে ইলেকট্রনিক পণ্য নির্মাতা ওয়ালটনের বিজ্ঞাপন প্রচার করা হয়েছিল। তারাই স্পন্সর। আর বিজ্ঞাপনি সংস্থা হলো `লোকাল বাস এন্টারটেইনমেন্ট'। নাটকটির নির্মাতা `একান্ন মিডিয়া'। ওয়ালটন লোকাল বাস এন্টারটেইনমেন্টকে `মৌখিক নোটিশ' দেয়ার পর তারা নাটকটি ইউটিউব থেকে সরিয়ে ফেলা হয়। তাদের আইনি নোটিশও দেয়া হয়েছে ১ইও এপ্রিল। নোটিশে বলা হয়েছে,"৬টি নাটকে ওয়ালটন ফ্রিজ ব্র্যান্ডিং করতে সম্মত হয়। নাটকগুলোতে দেশের আইন, নীতি, নৈতিকতা বা ধর্মীয় অনুভূতিতে আঘাত হয় এমন কোনো বিষয় অন্তর্ভুক্ত হবে না মর্মে শর্ত উল্লেখ করা হয়। কিন্তু `রূপান্তর' নাটকটিতে এমন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যাতে বিতর্ক সৃষ্টি হয়েছে ও মানুষের অনুভূতিতে আঘাত লেগেছে।„ নোটিশে চুক্তি বাতিল এবং ওয়ালটনের আদর্শ ও নীতিমালার পরিপন্থি নাটক প্রচারের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করার কথাও বলা হয়।

পুরো বিষয়টি নিয়ে কথা হয় নাটকের পরিচালক রাফাত মজুমদার রিংকুর সঙ্গে। তিনি বলেন, "আমার নাটকে ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে এমন কিছু নেই। এটা আইন এবং সমাজের বিরুদ্ধেও নয়।„ তিনি জানান, "এই নাটকের গল্পটি মূলত একজন তরুণ চিত্রশিল্পীকে কেন্দ্র করে, যিনি শৈশবে ট্রেন দুর্ঘটনায় হারিয়েছেন পরিবারের সদস্যদের। এ কারণে তিনি জানতে পারেননি তার বাবা-মা কে কিংবা তারা কোনো ধর্মের মানুষ। বড় হয়েছেন অনাথ আশ্রমে। চিত্রকর হিসেবে পেয়েছেন খ্যাতি। এর মধ্যে একজন ধনীর কন্যা তার শৈল্পিক প্রতিভায় মুগ্ধ হয়ে প্রেমে পড়েন। কিন্তু চিত্রশিল্পী (নায়ক) তাকে নানা অজুহাতে এড়িয়ে চলেন। শেষ পর্যন্ত নায়িকা বিয়ের জন্য পারিবারিকভাবে প্রস্তাব পাঠান ওই শিল্পীকে। কিন্তু তিনি সাফ জানিয়ে দেন, তাকে দিয়ে সেটা সম্ভব নয়। এরপর তার চিকিৎসকের মাধ্যমে জানানো হয়, তিনি আসলে একটি হরমোনজনিত বিরল জটিলতায় ভুগছেন। দেখতে পুরুষের মতো হলেও ঘটনা ভিন্ন, তিনি পুরুষ নন।„ রাফাত মজুমদার রিংকু আরো বলেন, "আমি একজন প্রাকৃতিকভাবে রূপান্তরিত মানুষের কথা বলেছি। এটা ন্যাচারাল। এটার বৈজ্ঞানিক ভিত্তি আছে। এটা মেডিকেল সায়েন্স স্বীকার করে। আমার নাটকের শেষে একজন চিকিৎকও বিষয়টি ব্যাখ্যা করেন।„ নাটকের পরিচালক রাফাত মজুমদার রিংকু বলেন," আমি নতুন একটা গল্প বলার চেষ্টা করেছি। একটা ক্রাইসিস তুলে ধরেছি। আমরা কি তাহলে নতুন গল্প বলতে পারবে না? আমরা কি প্রচলিত ধারণার বাইরে যেতে পারবে না? এখন আমাকে নানাভাবে চাপ দেয়া হচ্ছে। ফোন করে নানা ধরনের হুমকি দেয়া হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা অপপ্রচার করা হচ্ছে,„ বলেন তিনি। নাটকটি ওয়ালটনের বিজ্ঞাপন বাদ দিয়ে আবার ইউটিউবে দেয়া হবে কি না জানতে চাইলে তিনি বলেন," এটা নির্মাতা প্রতিষ্ঠান বলতে পারবে।„

তবে নির্মাতা প্রতিষ্ঠান একান্ন মিডিয়ার পক্ষ থেকে সাইফুল আজম রাসেল বলেন," আমরা এখন নিজেদের মধ্যে নাটকটি নিয়ে কথা বলছি। আবার এটা ওয়ালটনের বিজ্ঞাপন ছাড়া প্রচার করব কি না এখনই বলতে পারছি না। আমরা যখন তৈরি করেছি, তখন সব দিক বিবেচনা করেই করেছি। এই পরিস্থিতি কেন হলো তা বোঝার চেষ্টা করছি।„ তবে বিজ্ঞাপনি সংস্থা লোকাল বাস এন্টারটেইনমেন্টের কোনো বক্তব্য জানা যায়নি। নাটকে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান এবং সামিরা খান মাহি। ফারহান আহমেদ জোভান বলেন, "আমি জেনে-শুনেই নাটকটিতে অভিনয় করেছি। আমি এর মধ্যে ধর্মীয় অনভূতিতে আঘাতের কিছু পাইনি। আইন বা সামাজিক মূল্যবোধের বিরুদ্ধে কোনো কিছু আছে বলে আমার কাছে মনে হয়নি। আমার কাছে গল্পটি গতানুগকিতার বাইরে মনে হয়েছে।„ এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "প্রাণনাশের হুমকির মতো কোনো হুমকি আমি পাইনি। তবে ফোনে, সামাজিক যোগাযোগ মাধ্যমে আমাকে অপদস্থ করা হচ্ছে।„ অল্প সময় ইউটিউবে থাকলেও নাটকটি দেখেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. স্নিগ্ধা রেজওয়ানা। তার কথা, "যারা এই নাটক নিয়ে সমালোচনা করছেন,

বয়কট করার জন্য ফেসবুকে পোস্ট দিচ্ছেন, তারা কয়জন নাটকটি দেখেছেন? তারা না দেখে, না বুঝে এই নাটকটির বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়ছেন। নাটকে যা বলা হয়েছে তা প্রাকৃতিক। জন্মগত নারী ও পুরুষের বাইরেও জন্মের পরে পরিবর্তন হতে পারে। এটা বিজ্ঞান এবং মেডিকেল সায়েন্সে স্বীকৃত। সমাজের কিছু লোক ট্রান্সজেন্ডার শব্দটি নিয়ে অপপ্রচার চালাচ্ছে। আমাদের এখানেই তো অনেকে আছেন। তারা সরকারি চাকরিও করছেন। কেউ কেউ প্রচলিত চিন্তার বাইরে কিছু ভাবতে পারে না। এখানে দায় আছে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের। তাদের এটা পরিষ্কার করা উচিত।„ তার কথা, "আমরা খবরে দেখি এক রাতে পুরুষ নারী হয়ে গেছে। আবার নারী পুরুষ হয়ে গেছে। তখন আমাদের প্রতিক্রিয়া হয় না। নাটক দেখলে প্রতিক্রিয়া হয়। এখানে একটা সোশাল মব তৈরি করা হয়েছে। এরা নাটকটি দেখেওনি। এটা চলতে দিলে ভবিষ্যতে আমাদের এখানে খারাপ পরিস্থিতির সৃষ্টি হবে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষক অপব্যখ্যা দিয়ে বই ছিঁড়ে ফেললেন। তার বিরুদ্ধে কোনা ব্যবস্থা দেখছি না। ইদের সময় একটি পোশাকে রংধনু নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম গরম করা হলো। রংধনু কি অন্যায়? এসব দেখার কেউ নেই?„ তিনি মনে করেন, "ওয়ালটন এখানে তার ব্যবসায়িক স্বার্থ দেখেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে যেহতু বিতর্ক হচ্ছে, তাই সে মনে করেছে ব্যবসার ক্ষতি হতে পারে। তারা তাদের প্রতিষ্ঠানে হিজড়াদের নিয়োগ দিলেও এখানে কর্পোরেট সোশাল রেসপন্সিবিলিটি পালনে ব্যর্থ হয়েছে। „

সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইশরাত হাসানেরও বক্তব্য, "কয়জন এই নাটক দেখেছেন? যারা সমালোচনা করছেন, তাদের প্রায় সবাই না দেখে ইচ্ছে মতো কথা বলছেন।„ তার কথা, "এতে যদি কেউ মনে করেন ধর্মীয় অনুভূতিতে আঘাত লেগেছে, তাহলে তিনি আদালতে যেতে পারেন। আদালত সিদ্ধান্ত দেবেন। তার আগেই কেন নাটক বন্ধ করতে হবে?„ তিনি বলেন," একটা নাটকেই যদি সামাজিক যোগাযোগ মাধ্যমে এই ধরনের প্রতিক্রিয়া হয় তাহলে বুঝতে হবে আমাদের সমাজ কোথায় আছে, সমাজে কতটা অসিহষ্ণুতা এখনো আছে। জন্মগত ছাড়াও জেন্ডার পরিবর্তন হতে পারে। এটা প্রাকৃতিকভাবে হতে পারে। আবার চিকিৎসা বিজ্ঞানের মাধ্যমে হতে পারে। এখন এখানে কখনো কখনো আদালতের ডিক্লারেশন দরকার হয় উত্তরাধিকার ও সম্পদের ভাগ বাটোয়ারার জন্য। এর বাইরে কিছু নয়।„ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের হরমোন বিশেষজ্ঞ অধ্যাপক ডা. ইন্দ্রজিৎ প্রসাদ বলেন, জন্মগত নারী-পুরুষ ছাড়াও পরবর্তী জীবনে হরেমানাল পরিবর্তন আসতে পারে। এটা নানা ধরনের রোগের কারণে হয়। নারীর বাহ্যিক অবস্থা পুরুষের মতো হয়ে যেতে পারে। আবার পুরুষের বাহ্যিক অবস্থা নারীর মতো হতে পারে। অন্যদিকে একজন চেহারায় পুরুষ কিন্তু তার মনোজগত নারীর, উল্টো একজন চেহারায় নারী কিন্তু তার মনোজগতে সে পুরুষ- এটাও একটা রোগ,„ বলেন এই চিকিৎসক। "আর নারী বা পুরুষ কোনো জেন্ডারই না এমনও হতে পারেন একজন জন্ম থেকেই। তাই মেডিকেল সায়েন্সে প্রটোকল আছে যে, কাদের আমরা ট্রান্সজেন্ডার বলব,„ বলেন তিনি। "তবে কারো পক্ষে নারী থেকে শতভাগ পুরুষ অথবা পুরুষ থেকে শতভাগ নারীতে রুপান্তর সম্ভব নয়,„ বলেন এই চিকিৎসক।

বাংলাদেশে হিজড়াদের সাংবিধানিক স্বীকৃতি দেয়া হয় ২০১৩ সালে। আইনে তাদের সব ধরনের নাগরিক অধিকার দেয়ার কথা বলা হয়েছে। তারা জনপ্রতিনিধিও নির্বাচিত হয়েছেন। এর বাইরেও রূপন্তরিতরা আছেন। স্নিগ্ধা রেজওয়ানা বলেন,``এই জনগোষ্ঠীর মধ্যে রুপান্তরিতরাও আছেন। তারাও ট্রান্সজেন্ডার। কিন্তু সমস্যা হচ্ছে লিঙ্গ পরিচয় নির্ধারণে সরকারিসহ বিভিন্ন কাগজপত্রে নারী ও পুরুষ ছাড়া অন্য বিকল্পর এখনো তেমন প্রচলন হয়নি। সমাজসেবা অধিদপ্তর এই কারণে ট্রান্সজেন্ডারদের অধিকার রক্ষায় একটি নতুন আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে। তবে আইনটি এখন কোন পর্যায়ে আছে তা জানা যায়নি। সমাজকল্যাণ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন এমপির কাছে জানতে চাইলে তিনি বলেন, "এ বিষয়ে খোঁজ-খবর না নিয়ে আমি কিছু বলতে পারব না। তবে তাদের অধিকার রক্ষায় অবশ্যই আইন প্রয়োজন।„ আর অ্যাডভোকেট ইশরাত হাসান বলেন, "কিছু কিছু ক্ষেত্রে এরই মধ্যে নারী-পুরুষ ছাড়াও `অন্যান্য' বলে একটা অপশন রাখা হচ্ছে। কোথাও `কমন জেন্ডার' অপশনও আছে। ট্রান্সজেন্ডারারা সেই অপশনে থাকছেন। তবে এটা আরো স্পষ্ট করা দরকার। আর কেউ যদি রুপান্তরিত হয়ে নিজেকে নারী বা পুরুষ বলে ঘোষণা দিতে চান, তাহলে তাকে আদালতের মাধ্যমে অনুমোদন নিতে হবে।„

ওয়ালটনের কর্মকর্তাদের কেউ এই বিষয় নিয়ে কথা বলেননি। কথা হয় সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট, ওয়ালটনের আইনজীবী ও লিগ্যাল নোটিশ প্রদানকারী মো. রাইসুল ইসলাম রিয়াদের সঙ্গে। তিনি বলেন, "এটাকে ধর্মীয় অনুভূতিকে আঘাত, আইন ও সামাজিক মূল্যবোধ বিরোধী আমরা বলছি না। আমরা বলছি, এটা পাবলিক পারসেপশনের বিরুদ্ধে গেছে। আর বিজ্ঞাপনী সংস্থা আমাদের এই কনটেন্ট না দেখিয়ে, না জানিয়ে প্রকাশ করেছে। এতে চুক্তি ভঙ্গ হয়েছে। তাই চুক্তি বাতিল করা হয়েছে।„ এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমাদের এটা ব্যবসা প্রতিষ্ঠান। আমাদের অনেক কিছু বিবেচনায় নিতে হয়। আমাদের পাবলিক সেন্টিমেন্টকে গুরুত্ব দিতে হয়। আমরা সব জেন্ডারের সমতায় এবং সমঅধিকারে বিশ্বাসী। এই কারণে আমরা ওয়ালটনে হিজড়াদের বেশ কয়েকজনকে নিয়োগ দিয়েছি, „বলেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৭.০৪.২০২৪ রিহাব)

**বাংলাদেশে ৯৬ হাজারের বেশি শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু**

বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসাসহ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ৯৬ হাজার ৭৩৬ জন শিক্ষক নিয়োগ দেবে বাংলাদেশের সরকার। এই বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ-এনটিআরসিএ। প্রতিষ্ঠানগুলোর মধ্যে স্কুল ও কলেজে ৪৩ হাজার ২৮৬ টি এমপিও পদে, মাদ্রাসা, ব্যবসায় ব্যবস্থাপনা ও কারিগরি প্রতিষ্ঠানে ৫৩ হাজার ৪৫০ টি পদে শিক্ষক নিয়োগ দেয়া হবে। চলতি বছরের ১লা জানুয়ারির হিসাবে যাদের বয়স ৩৫ বছর বা তার কম তারা এই আবেদন করতে পারবেন। আজ (১৭ই এপ্রিল) থেকেই আবেদন করতে পারবেন আগ্রহীরা। বিজ্ঞপ্তিতে আবেদনকারীর যোগ্যতা সম্পর্কে বলা হয়েছে: সংশ্লিষ্ট বিষয়, পদ ও প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী নিবন্ধনধারী হতে হবে; এনটিআরসি প্রকাশিত সম্মিলিত মেধা তালিকার অন্তর্ভুক্ত এবং বেসরকারি শিক্ষক নিবন্ধ পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা অনুযায়ী বৈধ সনদধারী হতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে জারি করা সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হতে হবে। প্রত্যেক আবেদনকারী নিবন্ধন সনদ অনুযায়ী একই পর্যায়ে শুধু একটি আবেদন করতে পারবেন। তবে আবেদনে সর্বোচ্চ ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান পছন্দ করতে পারবেন। এর বাইরেও যদি দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে তিনি চাকরি করতে আগ্রহী হন তাদের ই-অ্যাপ্লিক্যাশন ফর্মে `Other Option, এ ক্লিক করতে হবে। না হলে `No Click, করতে হবে। কোন প্রার্থীর স্কুল ও কলেজ উভয় পর্যায়ের সনদ থাকলে এবং তিনি উভয় পদে আবেদন করলে তাকে প্রথমে কলেজ পর্যায়ের জন্য বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে বিবেচিত না হলে তাকে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে। অনলাইনে আবেদনের সবশেষ সময়সীমা ৯ই মে স্থানীয় সময় রাত ১২ টা। ১০ মে রাত ১২টা পর্যন্ত ফি জমা দিতে পারবেন আবেদনকারীরা। আবেদন ফি এক হাজার টাকা। (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৭.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

**দায়িত্বে অবহেলার প্রমাণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেয়া হবে: স্বাস্থ্যমন্ত্রী**

কোনো চিকিৎসকের বিরুদ্ধে পেশাগত দায়িত্ব পালনে কিংবা দায়িত্বে অবহেলার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে হুঁশিয়ার করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। চিকিৎসা সেবায় চিকিৎসকদের পাশাপাশি জনপ্রতিনিধিদের আরো বেশি সচেতন হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেছেন কোনো চিকিৎসকের উপর হামলা যেমন আমি মেনে নেব না তেমনি চিকিৎসায় অবহেলাও মেনে নেওয়া হবে না। বুধবার বিকেলে কুমিল্লার চান্দিনগরে স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে চিকিৎসকদের নিয়ে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ রুবাইয়া)

**ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার সকালে তিনি ধানমন্ডির ৩২ নম্বর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তপক অর্পণের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন শেষে আওয়ামী লীগের অঙ্গ সহযোগী ও ভার্তৃপ্রতিম সংগঠনের নেতাকর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে তার প্রতি শ্রদ্ধা জানান। এ সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরসহ দলটির কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

**বিজয়কে সুসংহত করতে হলে বিএনপির মত অশুভ শক্তিকে প্রতিহত করতে হবে : ওবায়দুল কাদের**

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, বিজয়কে সুসংহত করার পথে প্রতিবন্ধকতা হলো বিএনপির মত সাম্প্রদায়িক অশুভশক্তি। এ শক্তিকে প্রতিহত করতে হবে। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

**ওবায়দুল কাদেরের হৃদয় দুর্বল বলে তিনি বেশি অবান্তর কথাবার্তা বলেন : রিজভী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের হৃদয় দুর্বল বলে তিনি বেশি অবান্তর কথা বলেন। এমন মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রিজভী বলেছেন, শেখ হাসিনার বিনা ভোটের সরকার অসংখ্য মানুষকে গুম, খুন অপহরণ করেছে। জাতিসংঘ গুমের একটি তালিকা দিয়েছিল। আজ পর্যন্ত বিনা ভোটে সরকার এর কোন জবাব দিতে পারেনি। বুধবার সকালে নয় পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি রিজভী বলেন ইলিয়াস আলী নিখোঁজের আজ ১২ বছর পূর্ণ হল। তাকে ফিরে পাওয়ার অধির অপেক্ষায় আজও প্রহর গুনছেন তার স্ত্রী, সন্তানসহ দেশের অগণিত নেতাকর্মী।
(রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর আরও ৪৬ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে

মিয়ানমারের রাখাইন রাজ্যে জান্তা সরকার ও আরাকান আর্মির মধ্যে চলমান সংঘর্ষের মধ্যে গতরাতে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের আরও ৪৬ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বুধবার সকালে বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, বিজিবি সদস্যরা তাদের অস্ত্র জব্দ করে তাদের হেফাজতে নিয়েছেন। তিনি জানান, বর্তমানে মিয়ানমারের ২৬০ জন বিজিবি সদস্য বিজিবির হেফাজত রয়েছে। গত ১৫ই ফেব্রুয়ারি বাংলাদেশে প্রবেশ করা ৩০২ জন বিজিপি কর্মকর্তা ও তাদের পরিবারের চারজন সদস্য, দুই সেনা সদস্য, আঠারো জন ইমিগ্রেশন সদস্য ও চারজন বেসামরিক নাগরিকসহ ৩৩০ জন মিয়ানমারের নাগরিকদের দেশে ফেরত পাঠানো হয়।
(রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## কেএনএফ-এর আরো ৯ সদস্যকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী

বান্দরবানের রুমা উপজেলার দুর্গম এলাকা থেকে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট কেএনএফ-এর আরো ৯ সদস্যকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী। এ সময়ে তাদের কাছ থেকে নয়টি অস্ত্র উদ্ধার করা হয়। বান্দরবানে সাম্প্রতিক ব্যাংক ডাকাতি, অপহরণ ও অপরাধমূলক কর্মকাণ্ডের পর বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে। আন্তঃবাহিনীর জনসংযোগ পরিদপ্তর আইএসপিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। গত ২রা এপ্রিল বান্দরবানের রুমা উপজেলা শাখার সোনালী ব্যাংকের ম্যানেজার নিজামুদ্দিনকে অপহরণ করে ওই শাখার ভল্ট থেকে তিন কোটি টাকা লুট পাটের চেষ্টা চালায় বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী। কিন্তু তারা টাকা নিতে ব্যর্থ হয়। পরে বান্দরবানের থানচি উপজেলায় সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংকের শাখায় লুটপাট করে তারা। এই ঘটনায় গত সাত এপ্রিল বান্দরবান এলাকায় সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযান শুরু হয়। তখন থেকে কেএনএফ-এর প্রধান সমন্বয়কারী সহ অর্ধ শতাধিক সদস্যকে গ্রেফতার করা হয়। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## নরসিংদীর রায়পুরায় দুই গ্রুপের সংঘর্ষে একজন নিহত

নরসিংদীর রায়পুরা উপজেলায় দুই গ্রামের বাসিন্দাদের সংঘর্ষে সাগর মিয়া নামের এক যুবক নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন অন্তত ১০ জন। বুধবার ভোরে উপজেলার নিলক্ষা ইউনিয়নের আমিরাবাদ গ্রামে এই সংঘর্ষ হয়। সাগর মিয়া সোনাকান্দা গ্রামের জয়নাল মিয়ার ছেলে। স্থানীয় বাসিন্দারা জানান নিলক্ষা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি তৌকীর আহমেদ, জেলা পরিষদ সদস্য রাজীব আহমেদ ও স্থানীয় কয়েকটি গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। মেঘনা নদী থেকে বালু উত্তোলন কে কেন্দ্র করে নতুন উত্তেজনার সৃষ্টি হয়। সেই ব্যারাবাহিকতায় আজ ভোরে আমিরাবাদ ও সোনাকান্দা গ্রামের দুপক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে তৌকীরের সমর্থক সাগর নিহত হন। সংঘর্ষের সময় তিন শতাধিক হাত বোমার বিস্ফোরণ ঘটে এবং দুই গ্রামের কমপক্ষে ১২ টি ঘরবাড়ি ভাঙচুর করা হয়।
(রেডিও টুডে:১৩৪৫ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাব মোকাবিলায় প্রস্তুত থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর

মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতির দিকে তীক্ষ্ণ নজর রেখে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। চলমান যুদ্ধাবস্থা ও সংকট দীর্ঘমেয়াদি হলে সেই আলোকে করণীয় ঠিক করতেও বলেছেন প্রধানমন্ত্রী। আজ বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই আইনের খসড়ার অনুমোদন দেয়া হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠক শেষে সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন এই তথ্য জানান। এ সময় সচিব বলেন, মধ্যপ্রাচ্যে সংকটের কারণে জ্বালানি তেলসহ পণ্যের দাম বাড়তে পারে। এজন্য আমাদের আগাম পরিকল্পনা নিতে হবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## ভুয়া মুক্তিযোদ্ধাদের সনাক্ত করতে কাজ অব্যাহত রয়েছে: আ ক ম মোজাম্মেল হক

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, ৮ হাজারের বেশি ভুয়া মুক্তিযোদ্ধার সনদ বাতিল করা হয়েছে। ভুয়া মুক্তিযোদ্ধাদের সনাক্ত করতে উপজেলা পর্যায়ে সাত সদস্যের একটি কমিটি আছে। আর এমন অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি। বুধবার সকালে ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় ও মেহেরপুর জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## ঝালকাঠি সদর উপজেলার গাবখান ব্রিজের নিকটে ট্রাক চাপায় ১৪ জন নিহত

ঝালকাঠি সদর উপজেলার গাবখান ব্রিজের কাছে একটি ট্রাক তিনটি ইজিবাইক ও একটি প্রাইভেট কারকে চাপা দিলে শিশুসাহ অন্তত ১৪ জনের মৃত্যু হয়েছে। ঝালকাঠির পুলিশ সুপার এই তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ সুপার জানান, বুধবার বেলা দুইটার দিকে ঝালকাঠির শহরতলীর গাবখান ব্রিজের টোল প্লাজায় এই দুর্ঘটনা ঘটে। সেখানে ঝালকাঠি শহরমুখ একটি সিমেন্টবাহী ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থাকা তিনটি ব্যাটারি চালিত ইজিবাইক ও একটি প্রাইভেট

কারকে ধাক্কা দেয় এবং বাহনগুলোসহ ট্রাকটি পাশের খাদে পড়ে যায়। এ সময় ট্রাকের নিচে চাপা পড়ে ইজিবাইক ও প্রাইভেটকারটি দুমড়ে-মুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই সাতজন মারা যান। আর আহতদের উদ্ধার করে ঝালকাঠি সদর হাসপাতালে নেয়ার পর চিকিৎসক আরো চারজনকে মৃত্যু ঘোষণা করেন। এ ঘটনায় ট্র্যাকের চালক ও তার সহকারীকে গ্রেফতার করেছে পুলিশ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## তৃতীয় ধাপের ১১২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করেছে ইসি

তৃতীয় ধাপের ১১২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ২৯মে এই ১১২টি উপজেলার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন ইসি সচিব মো. জাহাঙ্গীর আলম। বুধবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে কমিশনের সভা শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। এর মধ্যে ২১টি উপজেলায় ভোট হবে ইভিএমে আর বাকিগুলোতে ভোট হবে ব্যালটে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## আসন্ন উপজেলা নির্বাচন সরকারের ভোট চুরির আরেকটি ভাঁওতাবাজি : আমির খসরু

আসন্ন উপজেলা নির্বাচনকে সরকারের আরেকটি ভোট চুরির ভাওতাবাজি বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। বুধবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা সভায় যোগ দিয়ে তিনি এই মন্তব্য করেন। আমির খসর মাহমুদ চৌধুরী বলেন, নৌকা নিয়ে জনগণের কাছে যাওয়ার সাহস নেই বলেই উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ নৌকাকে বাদ দিয়েছে। তারা দেখছে নৌকা যেখানে আছে জনগণ সেখানে নেই।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## কক্সবাজারে মাদক ব্যবসার অন্যতম গডফাদার বদির দুই ভাই : সিআইডি

কক্সবাজারে মাদক কারবারের দুই গডফাদারের খোঁজ পাওয়ার কথা জানিয়েছে সিআইডি। যারা আওয়ামী লীগের সাবেক এমপি আব্দুর রহমান বদির আপন ভাই। মাদকের ব্যবসা করে তাদের জমি-জমা, বাড়ি-গাড়িসহ বিপুল সম্পদ গড়ে তোলার তথ্য এসেছে সিআইডির অনুসন্ধানে। বদির দুই ভাই হলেন আব্দুর শুকুর ও আমানুর রহমান। সবমিলিয়ে সিআইডি মোট ১০ জনকে সনাক্ত করেছে যারা মাদকের কারবারে হয়ে উঠেছেন গডফাদার। বুধবার ঢাকায় সিআইডি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরেন সংস্থাটির প্রধান পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক মোহাম্মদ আলী মিয়া। বদির দুই ভাইয়ের ব্যাপারে এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, তাদের বিষয়ে এখনো অনুসন্ধান চলছে। তাদের নামে আরও সম্পত্তি পাওয়া যাচ্ছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

## ঢাকা থেকে আরব আমিরাতগামী ৯টি ফ্লাইট বাতিল

নজিরবিহীন বৃষ্টি আর আকষ্মিক বন্যায় সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন এলাকা তলিয়ে যাওয়ায় ঢাকা থেকে দুবাই ও শারজাহগামী নয়টি ফ্লাইট বাতিল করা হয়েছে। আজ বুধবার ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম এক বার্তায় এ তথ্য জানান।

তিনি জানান, আরব আমিরাতে বাজে আবহাওয়ায় কারণে বুধবার সকাল থেকে বৃহস্পতিবার সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় ঢাকা থেকে দুবাই ও শারজাহগামী যে নয়টি ফ্লাইট নির্ধারিত ছিল, সেগুলো বাতিল করার কথা জানিয়েছে সংশ্লিষ্ট এয়ারলাইনসগুলো। এর মধ্যে এয়ার এরাবিয়ার পাঁচটি, এমিরেটসের দুটি এবং ফ্লাই দুবাইয়ের দুটি ফ্লাইট রয়েছে। এর আগে গত সোমবার রাত থেকে মঙ্গলবার রাত ৯টা পর্যন্ত তুমুল বৃষ্টিতে দুবাইয়ের পথঘাট, শপিংমল ও বিমানবন্দরের ট্যাক্সিওয়ে তলিয়ে গেছে। বন্ধ রাখতে হয়েছে বিমান চলাচলও। খালিজ টাইমস জানিয়েছে, ১৯৪৯ সালের পর থেকে এমন বৃষ্টিপাত দেখেনি মরুভূমির দেশ সংযুক্ত আরব আমিরাতের মানুষ।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাব মোকাবিলায় প্রস্তুত থাকার নির্দেশ

ইরান-ইসরায়েল যুদ্ধ পরিস্থিতির ঘটনা প্রবাহের দিকে সংশ্লিষ্টদের নজর রাখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একইসঙ্গে যুদ্ধের সম্ভাব্য প্রভাব মোকাবিলায় প্রস্তুতি নেওয়ারও নির্দেশ দিয়েছেন তিনি। বুধবার (১৭ই এপ্রিল) মন্ত্রিসভা বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হয়। ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাব মোকাবিলায় প্রস্তুত থাকার নির্দেশ সচিবালয়ে ব্রিফিং করেন মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। সভা শেষে সচিবালয়ে ব্রিফিংয়ে এ তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। তিনি বলেন, `প্রধানমন্ত্রী বলেছেন মধ্যপ্রাচ্যে এখন যে বাস্তবতা তৈরি হচ্ছে, সেদিকে সংশ্লিষ্ট সবাইকে নজর রাখতে হবে। মন্ত্রিসভার সব সদস্য ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বলেছেন ঘটনা প্রবাহের দিকে তীক্ষ্ণ নজর রাখার জন্য। সম্ভাব্য রিঅ্যাকশন কী হতে পারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে এখন থেকে প্রস্তুতি নিতে বলেছেন।,

মন্ত্রিপরিষদ সচিব বলেন, `কনফ্লিক্ট (যুদ্ধ) যদি দীর্ঘমেয়াদি হয়, সেটি কীভাবে আমরা মোকাবিলা করব, সেগুলো মোকাবিলা করার জন্য আমরা কী করতে পারি- এসব প্রস্তুতি নিতে বলেছেন। ঘটনা প্রবাহের দিকে নজর রাখতে

বলেছেন, যদি দীর্ঘমেয়াদি হয় তখন বিভিন্ন সেক্টরে যে প্রভাব পড়তে পারে, সেটি যেন সংশ্লিষ্ট সেক্টর থেকে পর্যালোচনা করে প্রস্তুত করে, তা মোকাবিলার জন্য পরিকল্পনা করে প্রস্তুতি নিয়ে রাখতে বলেছেন।, কোন কোন খাতে প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয়েছে জানতে চাইলে মাহবুব হোসেন বলেন, `সবাইকে বলেছেন, যার যার সেক্টরে সবাই যেন প্রস্তুতি নেয়। ক্রাইসিস তৈরি হলে জ্বালানি তেলের দাম বেড়ে যেতে পারে, তখন কী করা যায়, সেসব বিষয়ে পরিকল্পনা রাখতে বলেছেন।, (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## ঝালকাঠিতে ট্রাক দুর্ঘটনায় নিহত বেড়ে ১৪

ঝালকাঠির গাবখান সেতু টোলপ্লাজায় ট্রাক দুর্ঘটনায় আরও দুজন মারা গেছেন। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তারা মারা যান। এ নিয়ে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৪ জনে। এর আগে বুধবার (১৭ এপ্রিল) দুপুর ২টার দিকে পৌর এলাকার পশ্চিম পাশে পঞ্চম চীন-বাংলাদেশ মৈত্রী গাবখান সেতুর টোলপ্লাজায় সিমেন্টবোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে মাইক্রোবাস ও অটোরিকশা নিয়ে খাদে পড়ে গেলে ভয়াবহ এ দুর্ঘটনা ঘটে। ঝালকাঠি পুলিশ সুপার (এসপি) আফরুজুল হক টুটুল ১৪ জন নিহতের বিষয়টি নিশ্চিত করেন। এ ঘটনায় ট্রাকচালক ও তার সহকারীকে আটক করেছে পুলিশ। একইসঙ্গে ক্ষতিগ্রস্ত যান ও ট্রাকটি উদ্ধার করে জব্দ করা হয়েছে। এদিকে, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে চার সদস্যের তদন্ত কমিটি করেছে জেলা প্রশাসন। আগামী পাঁচদিনের মধ্যে কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা দিতে নির্দেশ দিয়েছেন জেলা প্রশাসক ফারাহ গুল নিঝুম। স্থানীয়, প্রত্যক্ষদর্শী, ফায়ার সার্ভিস ও পুলিশ সূত্র জানায়, দুপুর ২টার দিকে রাজাপুর থেকে বরিশালের দিকে যাচ্ছিল সিমেন্টবোঝাই একটি ট্রাক। গাবখান সেতু থেকে নামার সময় ট্রাকটি নিয়ন্ত্রণ হারায়। পরে টোলপ্লাজায় অবস্থানরত একটি মাইক্রোবাস ও অটোরিকশাকে ধাক্কা দিয়ে নিয়ে খাদে পড়ে। এতে ট্রাকের ক্ষতি কম হলেও মাইক্রোবাস ও অটোরিকশাটি দুমড়ে-মুচড়ে যায়। পরে স্থানীয়রা ও ফায়ার সার্ভিসের কর্মীরা উদ্ধার অভিযান চালান। এসময় রক্তাক্ত অনেকগুলো দেহ উদ্ধার করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## মহেশখালীর সমন্বিত উন্নয়নে গঠন হচ্ছে কর্তৃপক্ষ

কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়িতে সমন্বিত উন্নয়ন কার্যক্রমের জন্য গঠন হচ্ছে কর্তৃপক্ষ। এজন্য `মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২৪, এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বুধবার (১৭ই এপ্রিল) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে এ কথা জানান। তিনি বলেন, `মহেশখালীর মাতারবাড়ি সমন্বিত উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০১৪ সালে জাপানের প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে উভয় দেশের প্রধানমন্ত্রী যৌথ ঘোষণা দিয়েছিলেন, তার আওতায় জাপান সরকার মাতাবাড়িতে উন্নয়ন কার্যক্রম নেওয়ার জন্য উদ্‌বোধন করে গেছেন। সেটিকে ভিত্তি করে মাতারবাড়িকে কেন্দ্র করে যাতে অর্থনৈতিক জোন তৈরি করা যায় যেখানে ডিপ-সি ফ্যাসিলিটি থেকে শুরু করে উন্নয়নের বেসিক কিছু অবকাঠামো নির্মাণ করে সামগ্রিক কিছু এরিয়াকে চিহ্নিত করে উন্নয়ন কর্মকাণ্ড করা যায় সেই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।, `বেশকিছু কার্যক্রম নেওয়া হয়েছে। এই পুরো কাজগুলো এখন আলাদা আলাদা মন্ত্রণালয় থেকে করছে। সমন্বিতভাবে এসব কাজ করতে প্রধানমন্ত্রীর আওতাধীন মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।,

খসড়া আইন অনুযায়ী এই কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের প্রধান হিসেবে প্রধানমন্ত্রী থাকবেন জানিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, `বোর্ডে অর্থমন্ত্রীসহ কয়েকজন মন্ত্রীকে নিয়ে ১৭ সদস্য থাকবেন। মুখ্য নির্বাহী কর্মকর্তা চিফ এক্সিকিউটিভ অফিসার হিসেবে থাকবেন।, অথোরিটির মূল কাজ হবে নির্ধারিত এলাকায় ভূমি ব্যবহারের মাস্টারপ্ল্যান করে তা বাস্তবায়ন করা। যাদের ভূমি দেওয়া হবে তারা যেন যথাযথভাবে কাজ করে। মূল লক্ষ্য হবে বিদেশি বিনিয়োগ করা। এক্সপোর্ট ও ইমপোর্টের নিট টাইম যেন কম হয়।, ওই এলাকায় উন্নয়ন কর্মকাণ্ডের জন্য ৫৫ হাজার ৯৬৮ একর জমি থাকবে জানিয়ে তিনি বলেন, `যে এলাকায় মাস্টারপ্ল্যান হবে, সেখানে যেন পরিবেশ সংরক্ষণ থাকে। লবণ চাষ, পান ও চিনির চাষও যেন সুরক্ষিত থাকে তা নিশ্চিত করা হয়েছে।, তিনি আরও বলেন, `দেশি-বিদেশি বিনিয়োগ যাতে ঘটে তাতে প্রাতিষ্ঠানিক সহায়তা দিতে এটা (আইন) করা হচ্ছে। কিছু পর্যবেক্ষণ দেওয়া হয়েছে। সেগুলো নিষ্পত্তি করে পুনরায় আইনটি মন্ত্রিসভায় তোলা হবে।, কক্সবাজারে কর্তৃপক্ষের প্রধান কার্যালয় হবে। ঢাকায় লিঁয়াজো অফিস করা যাবে বলেও জানিয়েছেন মাহবুব হোসেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## ঢাকামুখী ৯ ফ্লাইটের যাত্রা স্থগিত, সূচি পরিবর্তন করলো বিমান

সংযুক্ত আরব আমিরাতে ভয়াবহ বন্যার প্রভাবে দুবাই ও শারজাহ থেকে ঢাকামুখী ৯টি ফ্লাইটের যাত্রা স্থগিত করা হয়েছে। এছাড়া একই কারণে ঢাকা থেকে দুবাইয়ে চলাচল করা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট সূচি পরিবর্তন করা হয়েছে। বুধবার (১৭ই এপ্রিল) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সূত্র এই তথ্য জানিয়েছে। সূত্র জানায়, প্রবল বর্ষণে ডুবে গেছে আরব আমিরাতের দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর। এ কারণে দুবাই ও শারজাহ থেকে ঢাকামুখী ৯টি ফ্লাইটের যাত্রা স্থগিত করা হয়েছে। এরমধ্যে বৃহস্পতিবার সকাল পর্যন্ত এয়ার অ্যারাবিয়ার ৫টি

ফ্লাইট স্থগিত হয়েছে। এছাড়া এমিরেটস এয়ারলাইন্সের ২টি ও ফ্লাই দুবাইয়ের ২টি ফ্লাইটের যাত্রা স্থগিত করা হয়। এর বাইরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট বুধবার সন্ধ্যা পৌনে ৭টায় দুবাই যাওয়ার কথা ছিল। কিন্তু আবহাওয়াজনিত সমস্যার কারণে এটির সময় পুনর্নির্ধারণ করা হয়েছে। নতুন সূচি অনুযায়ী এটি বুধবার দিনগত রাত ২টায় ছেড়ে যাবে। তবে এটিও নির্ভর করছে পরিস্থিতির ওপর। আবহাওয়ার পরিবর্তিত পরিস্থিতির বিষয়ে রাতে জানা যাবে।(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## বিপথগামীরা স্বাভাবিক জীবনে ফিরে না আসা পর্যন্ত অভিযান চলবে

বান্দরবানের রুমা ও থানচিতে ঘটে যাওয়া ঘটনা খুবই নিন্দনীয় উল্লেখ করে র‍্যাব মহাপরিচালক (ডিজি) এম খুরশীদ হোসেন বলেছেন, অবৈধ অস্ত্রধারী বা সংগঠনের কাউকে ছাড় দেওয়া যাবে না। সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চলমান। বিপথগামীরা যতদিন পর্যন্ত স্বাভাবিক জীবনে ফিরে না আসে ততদিন এ অভিযান চলমান থাকবে। বুধবার (১৭ই এপ্রিল) বিকেল ৩টায় বান্দরবান সদরে সার্কিট হাউজে সাংবাদিকদের উদ্দেশ্যে এসব কথা বলেন র‍্যাব মহাপরিচালক। এর আগে সকালে রুমায় ব্যাংক ডাকাতি, মসজিদে হামলা ও অস্ত্র লুটের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শন করেন ডিজি। পরে দুপুর আড়াইটার দিকে সার্কিট হাউজে জেলার বিভিন্ন কর্মকর্তার সঙ্গে বৈঠক করেন।

এম খুরশীদ হোসেন বলেন, এ এলাকায় শান্তি প্রতিষ্ঠা কমিটি রয়েছে। তাদের সঙ্গে কিংবা জেলা প্রশাসক, সেনাবাহিনী, পুলিশ, ডিজিএফআই, এনএসআই, আনসার ও র‍্যাব সদস্যরা রয়েছেন। তাদের সঙ্গে যোগাযোগ করে শান্তি আলোচনার মাধ্যমে বিপদগামীরা স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারবেন। শান্তি আলোচনার পথ এখনো খোলা রয়েছে। সংঘর্ষ বা সংঘাত কারোরই কাম্য নয়। এসময় বান্দরবান জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন, র‍্যাবের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) কর্নেল মো. মাহাবুব আলম, বিজিবি বান্দরবান সেক্টর সদর দপ্তরের কর্নেল সোহেল আহমেদ, ডিজিএফআইয়ের কর্নেল মোহাম্মদ আসাদুল্লাহ জামশেদ, র‍্যাব পরিচালক (এয়ার উইং) লে. কর্নেল মীর আসাদুল আলম, র‍্যাব পরিচালক (প্রশাসন ও অর্থ উইং) কর্নেল আবু নাঈম মো. তালাত, পরিচালক (ইন্টেলিজেন্স উইং) লে. কর্নেল সাইফুল ইসলাম সুমন, কক্সবাজার র‍্যাব-১৫ অধিনায়ক লে. কর্নেল এইচ এম সাজ্জাদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## উপজেলা নির্বাচন; তৃতীয় ধাপের ভোট ২৯শে মে

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপের ভোট হবে ২৯শে মে। এরমধ্যে ২১টি উপজেলায় ভোট হবে ইভিএমে। বাকিগুলোয় ব্যালটে। বুধবার (১৭ই এপ্রিল) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে কমিশনের বৈঠক শেষে তফসিল ঘোষণা করেন নির্বাচন কমিশন সচিব মো. জাহাংগীর আলম। এসময় তিনি জানান, এই নির্বাচনের মনোনয়ন ফরম জমার শেষ তারিখ ২রা মে। আর ৫ই মে হবে যাচাই-বাছাই। এরপর ইসির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ৬-৮ই মে। এই আপিল নিষ্পত্তি হবে ৯-১১ই মে। ১২ মে প্রার্থিতা প্রত্যাহারের শেষদিন। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ হবে ১৩ই মে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## বারে মদপান করে তরুণীদের মারামারি, নেওয়া হবে ব্যবস্থা

রাজধানীর অভিজাত এলাকা গুলশানে প্রকাশ্যে রাস্তায় যে নারীরা মারামারি করেছিলেন তারা সবাই মদপান করেছিলেন। অতিরিক্ত মদপান করায় মাতাল হয়ে এমন কাণ্ড ঘটান। তাদের কারও মদপানের লাইসেন্স ছিল না। একই সঙ্গে `সেলিব্রিটা বার, ওই নারীদের কাছে অবৈধভাবে মদ বিক্রি করে। ঘটনার পর মারধরের শিকার এক নারীর অভিযোগের ভিত্তিতে তিনজনকে গ্রেফতার করে গোয়েন্দা পুলিশ (ডিবি)। বুধবার (১৭ই এপ্রিল) বিকেলে রাজধানীর মিন্টো রোডে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা জানান ডিএমপির অতিরিক্ত কমিশনার (গোয়েন্দা) মোহাম্মদ হারুন অর রশীদ। ডিবি বলছে, মারামারির ঘটনায় গ্রেফতার নারীদের মদপানের লাইসেন্স ছিল না। তারা অবৈধভাবে অতিরিক্ত মদপান করে মাতাল হয়ে মারামারিতে জড়ান। এছাড়া `সেলিব্রিটা বার, নারীদের কাছে অবৈধভাবে মদ বিক্রি করায় তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেবে গোয়েন্দা পুলিশ। হারুন অর রশীদ বলেন, আমরা এই নগরে বাস করতে গেলে কিছু নিয়ম-কানুন মেনে চলতে হয়। মদ খাওয়ার জন্য কোনো পুরুষ বা নারীর লাইসেন্স থাকলে, তাহলে তারা বৈধ বার থেকে মদপান করতে পারেন। এতে আইনগত কোনো বাধা নেই। `কিন্তু পহেলা বৈশাখের রাতে গুলশানের মতো একটি এলাকা, যেখানে অভিজাত পরিবারের বসবাস। সেখানে ওই নারীরা মদপান করেন। কারো কোনো লাইসেন্স ছিল না। লাইসেন্সহীন কারো কাছে মদ বিক্রি করতে পারে না বার কর্তৃপক্ষ। তাদের উচিৎ ছিল এসব নারীদের লাইসেন্স পরীক্ষা করা। এমন কি ওই নারীদের কাছে অতিরিক্ত পরিমাণে মদ বিক্রি করেছে ওই বার। যা পান করে মাতাল, বেসামাল হয়ে যান তারা।, হারুন বলেন, ঘটনার সময় বারের লোকজনের উচিৎ ছিল এসব বেসামাল নারীদের নিয়ন্ত্রণ করা। এই নারীরা বার থেকে বের হয়ে রাস্তায় গিয়ে প্রকাশ্যে মারামারিতে জড়ালেন। যা গুলশানের বাসিন্দারা দেখলেন। ভিডিও করে সামাজিক যোগাযোগমাধ্যমে ছেড়ে দিলেন।

গোয়েন্দা পুলিশের প্রধান আরও বলেন, আমি মনে করি আমাদের দেশের সাধারণ মানুষ এই ভিডিও দেখে ভাববে শহরের রাস্তায় নারীরা মাতলামি করবে, মারামারি করবে, এটা কোনো অভিভাবকই মেনে নিতে পারবেন না। এ নারীরা

কারো না কারো সন্তান। তাদের অভিভাবকদের উচিৎ মেয়েরা কোথায় যায়, কি করে সেদিকে খেয়াল রাখা। আজকে এই নারীরা বারে গিয়ে মদপান করে এমন কর্মকাণ্ড ঘটিয়েছেন। যে মেয়েকে তারা মেরেছে সেই মেয়েও মাতাল ছিলেন। এ ঘটনায় ভুক্তভোগী নারী অভিযোগ করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে তিনজনকে গ্রেফতার করা হয়। যে বারগুলো লাইসেন্স ছাড়া মদ বিক্রি করেছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে বলে জানান ডিবিপ্রধান। ভুক্তভোগী নারী বলেন, আমি ও আমার এক বন্ধু মিলে খাবার খেতে ওই রেস্তোরাঁয় যাই। খাওয়ার এক পর্যায়ে টয়লেটে যাওয়ার জন্য গিয়ে দেখি চারজন মেয়ে এক সঙ্গে টয়লেটে প্রবেশ করেছেন। বিষয়টি রেস্তোরাঁ ম্যানেজারকে বলি। তারা মেয়েদের বের করে দেয়। পরবর্তীতে আমি রেস্তোরাঁ থেকে বের হওয়ার সময় তারা আমার ওপর হামলা করে। `এসময় আমাকে চড়-থাপ্পড় দিতে পারতো। কিন্তু রাস্তার মধ্যে আমার কাপড় খুলে ফেলে। আমাকে মারধর করে। আমি তাদের সঠিক বিচার চাই। কারণ রাস্তায় একজন মেয়ে হয়ে আরেকজন মেয়ের কাপড় খুলে ফেলতে পারে না।, এর আগে গুলশান-২ নম্বরের ক্যাফে সেলিব্রিটা বারের সামনে ওই নারীরা মারামারি করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

## একই পরিবারে নিহত ৬, হানিমুনে যাওয়া হলো না নবদম্পতির

দুপুরের খাওয়া-দাওয়া শেষে পরিবারের সদস্যদের নিয়ে প্রাইভেটকারে করে বরিশালে যাচ্ছিলেন ঝালকাঠির রাজাপুর উপজেলার সাংগর গ্রামের বাসিন্দা হাসিবুর রহমান। যাত্রাপথে গাবখান সেতুর টোলপ্লাজায় দাঁড়িয়ে টোল দিচ্ছিলেন গাড়ির চালক। ঠিক তখনই নিয়ন্ত্রণ হারিয়ে সিমেন্টবোঝাই একটি ট্রাক ধাক্কা দিলে প্রাইভেটকারটি দুমড়ে-মুচড়ে যায়। এসময় গাড়িতে থাকা হাসিবুর রহমান (৩২), তার স্ত্রী নাহিদা আক্তার (২৭), সন্তান তাকিয়া (৪), তাহমিদ (৮ মাস), সদ্য বিবাহিত ইমরান (২৬) ও তার স্ত্রী নিপা (২২) ঘটনাস্থলেই নিহত হন। ঝালকাঠি সদর হাসপাতালে মরদেহের পাশে বিলাপ করতে করতে এসব কথা বলছিলেন নাহিদার বোন তরিকা আক্তার। তিনি সাংগর গ্রামের আব্দুল বারেকের মেয়ে। বুধবার (১৭ এপ্রিল) দুপুর ২টার দিকে পৌর এলাকার পশ্চিম পাশে পঞ্চম চীন-বাংলাদেশ মৈত্রী গাবখান সেতুর টোলপ্লাজায় সিমেন্টবোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে একটি প্রাইভেটকার ও তিনটি অটোরিকশা নিয়ে খাদে পড়ে। এ ঘটনায় এখন পর্যন্ত নারী, শিশুসহ ১৪ জন নিহত হয়েছেন। এ ঘটনায় ট্রাকচালক ও তার সহকারীকে আটক করেছে পুলিশ। একইসঙ্গে ক্ষতিগ্রস্ত যান ও ট্রাকটি উদ্ধার করে জব্দ করা হয়েছে। এদিকে দুর্ঘটনার কারণ অনুসন্ধানে চার সদস্যের তদন্ত কমিটি করেছে জেলা প্রশাসন। আগামী পাঁচদিনের মধ্যে কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা দিতে নির্দেশ দিয়েছেন জেলা প্রশাসক ফারাহ্ গুল নিঝুম।(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ প্রতীক)

# BBC

### 50,000 RUSSIAN SOLDIERS CONFIRMED DEAD BY BBC

Russia's military death toll in Ukraine has now passed the 50,000 mark, the BBC can confirm. In the second 12 months on the front line - as Moscow pushed its so-called meat grinder strategy - we found the body count was nearly 25% higher than in the first year. BBC Russian, independent media group Mediazona and volunteers have been counting deaths since February 2022. New graves in cemeteries helped provide the names of many soldiers.
(BBC Web Page: 17/04/24, FARUK)

### RUSSIAN MISSILE STRIKE IN NORTHERN UKRAINE KILLS 14

A Russian missile attack has killed 14 people in the city of Chernihiv in northern Ukraine, according to Ukrainian officials. Ukraine's interior minister said there were more than 60 injured in the attack, which hit an eight-storey building in a densely populated area. Three missiles had struck close to the centre of the city, officials said. The attack came hours after reports of a Ukrainian strike on a Russian military airfield in occupied Crimea.
(BBC Web Page: 17/04/24, FARUK)

### US AND EU EYE NEW SANCTIONS ON IRAN AFTER ATTACK

The United States and the European Union say they are looking at imposing further sanctions on Iran, after its attack on Israel at the weekend. US Treasury Secretary Janet Yellen said she expected to take action "in the coming days", while EU foreign policy Chief Josep Borrell said the bloc was working on it. Israel has urged its allies to sanction Tehran's missile programme. United Nations sanctions over the programme expired in October. Those sanctions had been linked to a wider deal to limit Iran's nuclear programme. (BBC Web Page: 17/04/24, FARUK)

### DUBAI AIRPORT CHAOS AS GULF REELS FROM DEADLY STORMS

Heavy rain has been battering Gulf states, causing flash floods that have killed 20 people and disrupting flights at the world's second-busiest airport. Dubai Airport said it was facing "very challenging conditions" on Wednesday. It advised passengers not to turn up as

runways were inundated with water. Further north, a man died when his car was caught in flash floods. In Oman, rescuers found the body of a girl in Saham, bringing the death toll in the country to 19 since Sunday. Authorities also warned that more thunderstorms, heavy rain and strong winds were forecast, with many low-lying areas still under water.
(BBC Web Page: 17/04/24, FARUK)

**DROUGHT CAUSES POWER CUTS IN ECUADOR**

A severe drought has led to power cuts in Ecuador, which relies on hydro-electrical sources for much of its power. Energy companies published a schedule of power cuts which has seen the capital and other major cities go without electricity for hours on end. The drought has already led to water rationing in neighbouring Colombia. The lack of rain in the Andean region has been linked to the EL Nino weather pattern. On Monday, power companies in Ecuador announced power cuts lasting between two and five hours to ensure less electricity was used. (BBC Web Page: 17/04/24, FARUK)

**CHINA'S NEWEST ALLY IN THE PACIFIC GOES TO THE POLLS**

In the Solomon Islands, the night before an election is known as Devil's Night. Political candidates offer bribes, handing out everything from cash to sacks of rice and Chinese-made solar panels to secure votes last minute. Vote-buying is a common tactic in the Pacific nation's elections - hard to stamp out, despite toughened electoral laws. But that is not why some of the world's biggest powers are paying such close attention to Wednesday's poll.
(BBC Web Page: 17/04/24, FARUK)

**BIDEN TREADS DIPLOMATIC TIGHTROPE ON ISRAEL-IRAN**

Iran's brazen attack directly targeting Israel on Saturday means that the one thing President Biden most feared and desperately sought to avert in the wake of the 7 October Hamas attack has happened - an escalation of the conflict to the wider region. For the US president, the tightrope he was walking on the Israel-Gaza war has got even thinner, as he seeks to both de-escalate the situation and deter Iran, while facing domestic pressure from both left and right over the relationship with Israel. Any ceasefire deal in Gaza, meanwhile, hangs in the balance. (BBC Web Page: 17/04/24, FARUK)

**DEADLY SETTLER ATTACKS ON PALESTINIANS FOLLOW ISRAELI BOY'S KILLING**

In the Israeli-occupied West Bank, a group of Israeli settlers storm a Palestinian village and, captured on CCTV, a masked man sets fire to a car parked in a garage, under the watch of at least three Israeli soldiers. The incident was part of a rampage by Israeli settlers that, according to local officials, killed four Palestinians over four days. The violence was triggered by the disappearance of 14-year-old Binyamin Ahimeir, who went missing on Friday after leaving his settler outpost to herd sheep near the Palestinian village of Mughayir, in the Ramallah area. (BBC Web Page: 17/04/24, FARUK)

**US SEEKS NEW MECHANISM TO MONITOR NORTH KOREAN SANCTIONS**

The United States is investigating options to create a new mechanism for monitoring sanctions on North Korea's nuclear programme. The US ambassador to the United Nations said on Wednesday that Washington is looking at options within and outside the UN. Russia last month vetoed a UN Security Council resolution to renew the UN panel that has been overseeing Pyongyang's compliance with international sanctions. The US is looking to engage with allies South Korea, Japan and other like-minded countries on alternatives, Linda Thomas-Greenfield told reporters. (BBC Web Page: 17/04/24, FARUK)

**ISRAEL MAKES OWN DECISIONS, NETANYAHU TELLS CAMERON**

Benjamin Netanyahu has told UK Foreign Secretary Lord Cameron that Israel would "make its own decisions" over how to respond to an Iranian attack. He said his government would "do everything necessary to defend itself" during talks the British government had hoped would help prevent escalation. Mr Netanyahu has repeatedly vowed to retaliate to the unprecedented missile and drone assault at the weekend. Lord Cameron told him any response should be "smart" and limited. Speaking to reporters in Jerusalem after the meeting with Mr Netanyahu, Lord Cameron said he was there to "demonstrate out solidarity" after Iran's "appalling" attack. (BBC Web Page: 17/04/24, FARUK)

**::The End::**